SME NEWS
এসএমই নিউজ
এসএমই ফাউন্ডেশনের ত্রৈমাসিক নিউজলেটার
SME FOUNDATION
বর্ষ ১৪ । সংখ্যা ৪৮ | অক্টোবর-ডিসেম্বর ২০২৪

# এসএমই খাত নিয়ে 'Informal SMEs in Bangladesh: Formalization Challenges and Way Forward' সেমিনার




'Informal SMEs in Bangladesh: Formalization Challenges and Way Forward' সেমিনারে প্রধান অতিথি শিল্প মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা আদিলুর রহমান খানসহ অতিথিবৃন্দ।

২৪ নভেম্বর ২০২৪ আগারগাঁও পর্যটন ভবনে এসএমই ফাউন্ডেশন এবং জার্মান উন্নয়ন সংস্থা Friedrich-Ebert-Stiftung (FES), Bangladesh-এর উদ্যোগে বাংলাদেশের অনানুষ্ঠানিক এসএমই খাত নিয়ে 'Informal SMEs in Bangladesh: Formalization Challenges and Way Forward' গবেষণার ওপর সেমিনার আয়োজন করা হয়। সেমিনারে গবেষণার বিভিন্ন তথ্য তুলে ধরেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মেলিতা মেহজাবিন জানান, আইন মেনে ব্যবসা করার ক্ষেত্রে কর কাঠামোকে প্রধান বাধা হিসেবে উল্লেখ করেছেন ৫৭% এসএমই উদ্যোক্তা। আর ট্রেড লাইসেন্স নবায়ন পদ্ধতিকে বাধা মনে করেন ৫৪% উদ্যোক্তা। ট্রেড লাইসেন্সের অতিরিক্ত ব্যয়কে বাধা হিসেবে দেখছেন ৫১% উদ্যোক্তা। শতকরা ৪৪ ভাগ উদ্যোক্তা বলেছেন, সরকারি আইন-কানুনের জটিলতাও আইন মেনে ব্যবসা করায় অন্যতম বাধা। এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরীর সভাপতিত্বে সেমিনারে প্রধান অতিথি ছিলেন শিল্প মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা আদিলুর রহমান খান। বিশেষ অতিথি ছিলেন শিল্প মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জাকিয়া সুলতানা। বক্তব্য প্রদান করেন FES Bangladesh এর আবাসিক প্রতিনিধি Dr. Felix Gerdes এবং আন্তর্জাতিক শ্রম সংস্থা-আইএলও বাংলাদেশের প্রোগ্রাম হেড Gunjan Dallakoti। সেমিনারে স্বাগত বক্তব্য প্রদান করেন এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তার। মূল প্রবন্ধে গবেষণার বিস্তারিত তথ্য তুলে ধরে আরো বলা হয়, দেশের ৭৪% এর বেশি এসএমই উদ্যোক্তারা সরকারের আইন-কানুন মেনে ব্যবসা করতে চান। তবে এক্ষেত্রে সরকারের নিয়ম-কানুন সহজ করা বা ওয়ান স্টপ সার্ভিস চালু, জামানতবিহীন ঋণ এবং আইন মেনে ব্যবসা করার সুবিধা বাড়ানো দরকার। ঢাকা, চট্টগ্রাম, সিলেট, খুলনা ও রাজশাহীর ৩০৪জন উদ্যোক্তার ওপর এই গবেষণা পরিচালিত হয়। উদ্যোক্তারা জানান, আইন মেনে ব্যবসা করতে ভারতে সরকারের বিভিন্ন দপ্তরের মাত্র ৭টি সনদের দরকার হলেও বাংলাদেশে অন্তত ৩৪টি দপ্তর থেকে সনদের দরকার হয়। ২০১৩ সালের পরিসংখ্যান ব্যুরো'র অর্থনৈতিক জরিপ অনুসারে দেশের ৭৮ লাখের বেশি সিএমএসএমই প্রতিষ্ঠানে প্রায় আড়াই কোটি মানুষের কর্মসংস্থান রয়েছে। তবে এসব প্রতিষ্ঠানের বেশিরভাগই অনানুষ্ঠানিক বা সরকারের আইন-কানুন ও কর কাঠামোর বাইরে। এ অবস্থায় এসব প্রতিষ্ঠানকে আইন-কানুন ও কর কাঠামোর আওতায় আনতে একটি সামগ্রিক কৌশলপত্র তৈরি, ধাপে ধাপে আনুষ্ঠানিকীকরণ, নিয়ম-কানুন সহজীকরণ এবং উদ্যোক্তাদের আর্থিক ও অ-আর্থিক প্রণোদনা দিতে সরকারের প্রতি সুপারিশ করেছেন বিশেষজ্ঞরা। সেমিনারে এসএমই উদ্যোক্তা, বিভিন্ন মন্ত্রণালয় ও দপ্তর, এসএমই চেম্বার ও অ্যাসোসিয়েশন, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের প্রতিনিধি, গবেষক, অর্থনীতিবিদ এবং সংশ্লিষ্ট অংশীজনগণ অংশগ্রহণ করেন।

২০০৭ সালে প্রতিষ্ঠার পর থেকে শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থা এসএমই ফাউন্ডেশনের বিভিন্ন কর্মসূচির সুবিধাভোগী দেশের প্রায় ২০ লাখ ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা।

# 'Formulation of National SME Policy 2025: Empowering SMEs for a Resilient Future' জাতীয় কর্মশালা




০৪ ডিসেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে 'Formulation of National SME Policy 2025: Empowering SMEs for a Resilient Future' জাতীয় কর্মশালা আয়োজন করা হয়। অধিক কর্মসংস্থান সৃষ্টি, অর্থনৈতিক প্রবৃদ্ধি ও দারিদ্র্য বিমোচনের লক্ষ্যকে সামনে রেখে বর্তমান বৈশ্বিক অর্থনৈতিক প্রেক্ষাপট, ৪র্থ শিল্প বিপ্লবকেন্দ্রিক প্রযুক্তিগত উন্নয়ন এবং জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জসহ পরিবর্তিত বিশ্বের সামগ্রিক বিষয়কে সামনে রেখে এসএমই নীতিমালা ২০১৯ পর্যালোচনা এবং সময়োপযোগী নতুন জাতীয় এসএমই নীতিমালা তৈরির উদ্দেশ্যে ০৪ ডিসেম্বর ২০২৪ জাতীয় কর্মশালা অনুষ্ঠিত হয়। শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন প্রতিষ্ঠান এসএমই ফাউন্ডেশন এর আয়োজনে কর্মশালায় গ্রুপভিত্তিক আলোচনায় বিভিন্ন মন্ত্রণালয় ও সরকারী দপ্তরের প্রতিনিধি, এসএমই উদ্যোক্তা, চেম্বার ও অ্যাসোসিয়েশন প্রতিনিধি, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের প্রতিনিধি, একাডেমিয়া এবং গবেষক, পলিসি বিশ্লেষক, অর্থনীতিবিদ এবং সংশ্লিষ্ট প্রায় ৯০জন অংশীজন অংশগ্রহণ করেন এবং শতাধিক নীতি প্রস্তাবনা নিয়ে আলোচনা করেন যেখানে অংশগ্রহণকারীরা নির্দিষ্ট থিমের ওপর নীতিমালা প্রণয়নে সুপারিশ প্রদান করেন। দিনব্যাপী কর্মশালায় প্রধান অতিথি ছিলেন মো. নূরুজ্জামান এনডিসি, অতিরিক্ত সচিব, শিল্প মন্ত্রণালয়। ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী কর্মশালায় সভাপতিত্ব করেন এবং নীতি উইং-এর মহাব্যবস্থাপক মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন স্বাগত বক্তব্য প্রদান করেন। ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তার প্রাপ্ত প্রস্তাবনাসমূহের সারসংক্ষেপ উপস্থাপন করেন। কর্মশালার সমাপনী বক্তব্য প্রদান করেন মহাব্যবস্থাপক ফারজানা খান।

## 'Corporate Connect: Empowerlink Expo' আয়োজন




২৩-২৪ ডিসেম্বর ২০২৪ World bank ও এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং innovision-এর সহায়তায় এসএমই নারী-উদ্যোক্তা এবং বাণিজ্যিক ক্রেতাদের মধ্যে সুসম্পর্ক সৃষ্টির লক্ষ্যে 'Corporate Connect: Empowerlink Expo: Empowering women entrepreneurs Through Connections' এক্সপো আয়োজন করা হয়। নারী-উদ্যোক্তাদের উৎপাদিত পণ্য করপোরেট প্রতিষ্ঠানে বিক্রিতে সহায়তা করতে প্রতিষ্ঠা করা হয়েছে এসএমইএফ সাপ্লাইয়ারস প্ল্যাটফর্ম ফর উইমেন এন্টারপ্রিনিউরস। এই প্ল্যাটফর্ম নারী-উদ্যোক্তাদের পণ্যের বাজার খুঁজে পেতে, বিশেষ করে করপোরেট হাউসে পণ্য বিক্রি সহায়তা করতে World bank ও এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং innovision-এর সহায়তায় আগারগাঁওয়ের পর্যটন ভবনে আয়োজিত প্রদর্শনীতে সারা দেশের ৫০জন নারী-উদ্যোক্তা তাঁদের উৎপাদিত পণ্য নিয়ে অংশগ্রহণ করেন। অংশগ্রহণকারী নারী-উদ্যোক্তাগণ তাদের উৎপাদিত বুটিক পণ্য, পাটজাতপণ্য, চামড়াজাত পণ্য, হস্তশিল্প, জুয়েলারি, অ্যাগ্রো প্রসেসিং পণ্য বাণিজ্যিক ক্রেতাদের জন্য প্রদর্শন করেন। প্রদর্শনীতে দেশের প্রায় ১০০ কর্পোরেট প্রতিষ্ঠান এবং ফ্যাশন হাউজ প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ এবং স্বত্ত্বাধিকারীগণ দুই দিন বিভিন্ন সময়ে প্রদর্শনীতে আসেন উদ্যোক্তাদের সাথে বিভিন্ন বিষয়ে মতবিনিময় করেন। প্রদর্শনীর উদ্বোধন করেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী, মহাব্যবস্থাপক ফারজানা খান, World Bank-এর সিনিয়র প্রাইভেট সেক্টর স্পেশালিষ্ট হোসনা ফেরদৌস সুমি এবং ইনোভিশন-এর ব্যবস্থাপনা পরিচালক রুবাইয়াত সারওয়ার।

## এসএমই ফাউন্ডেশনের সাথে BFWE এবং WEA-এর মতবিনিময় সভা



১৫ ডিসেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের সাথে বাংলাদেশ ফেডারেশন অব উইমেন এন্টারপ্রেনিয়র (BFWE) এবং উইমেন এন্টারপ্রেনিয়র অ্যাসোসিয়েশন (WEA) এর মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী, মহাব্যবস্থাপক ফারজানা খান, BFWE এর সহ-সভাপতি খাদিজা আফজাল, WEA-এর সভাপতি সিজান খান, জেন্ডার বিশেষজ্ঞ নিলুফার আহমেদ করিম এবং ফাউন্ডেশনের প্রশিক্ষণ অনুবিভাগের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

## বাংলাদেশ গার্ল গাইডস নারী-উদ্যোক্তাদের উন্নয়নে 'গহনা তৈরি' কর্মশালা




২২-২৪ ডিসেম্বর, ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় Students heed to entrepreneurs কর্মসূচির আওতায় বাংলাদেশ গার্ল গাইডস অ্যাসোসিয়েশনের ২৫জন নারী সদস্যের অংশগ্রহণে নতুন নারী-উদ্যোক্তাদের উন্নয়নে 'গহনা তৈরি কর্মশালা' আয়োজন করা হয়। কর্মশালায় অংশগ্রহণ করেন দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজের শেষ বর্ষে শিক্ষার্থী বাংলাদেশ গার্ল গাইডস অ্যাসোসিয়েশনের সদস্যগণ। কর্মশালায় গহনা তৈরির বিভিন্ন কলাকৌশল, ডিজাইন ও কালার সেন্স ডেভেলপমেন্ট, দেশীয় কাঁচামালের ব্যবহারে আধুনিক জুয়েলারি, ফ্যাশন গার্মেন্টস-এর অব্যবহৃত অংশকে ব্যবহার করে নান্দনিক ডিজাইনের গহনা (আপ সাইকেলিং গহনা) তৈরির বিষয়ে ব্যবহারিক শিক্ষা প্রদান করা হয়। কর্মশালার সমাপনী অনুষ্ঠানে ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক মুহাম্মদ মাসুদুর রহমান, ব্যবস্থাপক সৈয়দা সুলতানা ইয়াসমিন প্রশিক্ষণার্থীদের মাঝে সনদ প্রদান করেন।

## ঢাকা, মৌলভীবাজার ও চট্টগ্রামে স্মার্ট ব্যবসায় ব্যবস্থাপনা ও আর্থিক অন্তর্ভুক্তি' প্রশিক্ষণ



০৬-০৯ অক্টোবর ২০২৪ এসএমই ফাউন্ডেশন এবং দি এশিয়া ফাউন্ডেশনের উদ্যোগে বাস্তবায়নাধীন SheProspers কর্মসচির আওতায় ঢাকায় নারী-উদ্যোক্তাদের জন্য 'স্মার্ট ব্যবসায় ব্যবস্থাপনা ও আর্থিক অন্তর্ভুক্তি' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে ঢাকা বিভাগের বিভিন্ন জেলা থেকে ২৬জন নারী-উদ্যোক্তা অংশগ্রহণ করেন। ০৯ অক্টোবর ২০২৪ সমাপনী ও সনদপত্র বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী, মহাব্যবস্থাপক ফারজানা খান ও ব্যবস্থাপক সৈয়দা সুলতানা ইয়াসমিন, দি এশিয়া ফাউন্ডেশনের প্রোগ্রাম ম্যানেজার ইজলাল মইন হোসেন এবং সিনিয়র প্রোগ্রাম অফিসার রত্না মারিয়া রোজারিও, টেন মিনিটস স্কুল-এর EdTech Business & Content Manager আহসান মাহবুব ইয়ামান এবং ডেভলার্ন কনসালটেন্সি-এর রামিসা তাসনুমা। ০৬-০৯ অক্টোবর ২০২৪ এসএমই ফাউন্ডেশন এবং দি এশিয়া ফাউন্ডেশনের উদ্যোগে মৌলভীবাজারে নারী-উদ্যোক্তাদের জন্য 'স্মার্ট ব্যবসায় ব্যবস্থাপনা ও আর্থিক অন্তর্ভুক্তি' প্রশিক্ষণ আয়োজন করা হয়। ০৯ অক্টোবর ২০২৪ সমাপনী ও সনদপত্র বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক সালাহউদ্দিন মাহমুদ। প্রশিক্ষণে ৩০জন নারী-উদ্যোক্তা অংশগ্রহণ করেন। সমাপনী অনুষ্ঠানে এসএমই ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক মুহাম্মদ মাসুদুর রহমান এবং মৌলভীবাজার জেলার নারী-উদ্যোক্তা নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। ২৮-৩১ অক্টোবর ২০২৪ চট্টগ্রামে এসএমই ফাউন্ডেশন এবং দি এশিয়া ফাউন্ডেশনের উদ্যোগে নারী-উদ্যোক্তাদের জন্য 'স্মার্ট ব্যবসায় ব্যবস্থাপনা এবং আর্থিক অন্তর্ভুক্তি' কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় ২৮জন নারী-উদ্যোক্তা অংশগ্রহণ করেন। ৩১ অক্টোবর ২০২৪ কর্মশালার সমাপনী দিনে অংশগ্রহণকারী নারী-উদ্যোক্তাদের উৎপাদিত পণ্য প্রদর্শন করা হয়। অনুষ্ঠানে এসএমই ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক মুহাম্মদ মাসুদুর রহমান, দি এশিয়া ফাউন্ডেশনের প্রোগ্রাম লিড ইজলাল মঈন হোসেন, সিনিয়র প্রোগ্রাম অফিসার রত্না মারিয়া রোজারিও উপস্থিত ছিলেন।

## রাজশাহীতে নারী-উদ্যোক্তাদের 'গহনা তৈরি ও আর্থিক স্বাক্ষরতা' কর্মশালা




০৩-০৫ ডিসেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে রাজশাহীতে নারী-উদ্যোক্তাদের জন্য 'গহনা তৈরি ও আর্থিক স্বাক্ষরতা' কর্মশালা আয়োজন করা হয়। এসএমই ফাউন্ডেশনের নারী-উদ্যোক্তা উন্নয়ন উইং এবং ব্র্যাক ব্যাংকের উদ্যোগে রাজশাহী ইউসেপ-এর প্রশিক্ষণ কক্ষে আয়োজিত কর্মশালায় গহনা ও ফ্যাশন ডিজাইন ব্যবসার সাথে জড়িত ৩০জন নারী-উদ্যোক্তা অংশগ্রহণ করেন। কর্মশালায় উদ্যোক্তাগণ গহনা তৈরির বিভিন্ন কলাকৌশল, ডিজাইন ও কালার সেন্স ডেভেলপমেন্ট, দেশীয় কাঁচামালের ব্যবহারে আধুনিক জুয়েলারি, ফ্যাশন গার্মেন্টস-এর অব্যবহৃত অংশকে ব্যবহার করে নান্দনিক ডিজাইনের গহনা (আপ সাইকেলিং গহনা) তৈরির বিষয়ে ব্যবহারিক শিক্ষা প্রদান করা হয়। কর্মশালা শেষে এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপক সৈয়দা সুলতানা ইয়াসমিন, সহকারী ব্যবস্থাপক ইমরাত ই জান্নাত ইমু উদ্যোক্তাদের মাঝে সনদ প্রদান করেন।

## 'আধুনিক লেদ ও ওয়েল্ডিং টেকনোলজি' কর্মশালা



০৫-০৭ ডিসেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)-এর সহযোগিতায় হবিগঞ্জে 'আধুনিক লেদ ও ওয়েল্ডিং টেকনোলজি' কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী। উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক মুহাম্মদ খালেদুজ্জামান তালুকদার, বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমতি, হবিগঞ্জ জেলা শাখার প্রেসিডেন্ট মো. ফারুক মিয়া, সেক্রেটারি মো. উজ্জ্বল মিয়া। বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি, হবিগঞ্জ জেলার অফিস কক্ষে আয়োজিত কর্মশালায় লাইট ইঞ্জিনিয়ারিং সেক্টরের উদ্যোক্তা, ওয়েল্ডিং সেক্টরের কারিগর, লেদ মেশিন টার্নার এবং টেকনিশিয়ানসহ ৩৬জন অংশগ্রহণ করেন।

## 'কলা ও আনারস সংগ্রহোত্তর ব্যবস্থাপনা এবং প্রক্রিয়াজাতকরণ পদ্ধতি' কর্মশালা



২৩-২৪ নভেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে বান্দরবান জেলায় 'কলা ও আনারস সংগ্রহোত্তর ব্যবস্থাপনা এবং প্রক্রিয়াজাতকরণ পদ্ধতি' কর্মশালা আয়োজিত হয়। বান্দরবান উইম্যান চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিতে আয়োজিত কর্মশালায় উদ্যোক্তাদেরকে পণ্য উৎপাদন ভিত্তিক আধুনিক প্রযুক্তি ও কলাকৌশল, নতুন পণ্য উৎপাদন পদ্ধতি, কারখানা ব্যবস্থাপনা, কারখানা লে-আউট, মেশিনারীজ, উৎপাদন প্রক্রিয়া, প্রভৃতি বিষয়ে প্রাথমিক ধারণা ও ব্যবহারিক ডেমন্সস্ট্রেশন প্রদান করা হয়। কর্মশালায় কলা ও আনারসের অপচয় রোধ এবং বহুমুখী ব্যবহারের নিমিত্ত জ্যাম, জেলি, পাল্প, লাড্ডু, চিপস, অসমোড্রাইড, ফ্রেশ কাট, পাউডারসহ বিভিন্ন পণ্য প্রস্তুতকরণ এবং মোড়কজাতকরণ সম্পর্কে ধারণা ও ডেমন্সস্ট্রেশন প্রদান করা হয়। রিসোর্সপার্সন ছিলেন বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. গোলাম ফেরদৌস চৌধুরী।

## গণমাধ্যমকর্মীদের নিয়ে কিশোরগঞ্জ ও মৌলভীবাজারে এসএমই ক্লাস্টার পরিদর্শন



২৯ ডিসেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের ক্লাস্টারভিত্তিক উন্নয়ন কার্যক্রম নিয়ে বিশেষ প্রতিবেদন তৈরির লক্ষ্যে গণমাধ্যমকর্মীদের নিয়ে ভৈরব পাদুকা শিল্প ক্লাস্টার পরিদর্শন করা হয়। ৩০ ডিসেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের ক্লাস্টারভিত্তিক উন্নয়ন কার্যক্রম নিয়ে বিশেষ প্রতিবেদন তৈরির লক্ষ্যে গণমাধ্যমকর্মীদের নিয়ে মৌলভীবাজারের বড়লেখা আগর আতর শিল্প ক্লাস্টার পরিদর্শন করা হয়। ৩১ ডিসেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের ক্লাস্টারভিত্তিক উন্নয়ন কার্যক্রম নিয়ে বিশেষ প্রতিবেদন তৈরির লক্ষ্যে গণমাধ্যমকর্মীদের নিয়ে মৌলভীবাজারের শ্রীমঙ্গল মনিপুরী তাঁত শিল্প ক্লাস্টার পরিদর্শন করা হয়েছে। প্রতিনিধিদলে ছিলেন ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক মুহাম্মদ মোরশেদ আলম, উপব্যবস্থাপক অসীম কুমার হালদার, বাংলাদেশ টেলিভিশনের প্রতিনিধি দিনার সুলতানা, যমুনা টেলিভিশনের প্রতিনিধি রিমন রহমান, চ্যানেল ২৪-এর প্রতিনিধি রাকিব হোসেন আপ্র, ডেইলি সান-এর প্রতিনিধি মৌসুমী ইসলাম, দৈনিক সমকালের প্রতিনিধি জসিমউদ্দিন বাদল এবং দৈনিক বণিকবার্তার প্রতিনিধি ফারিন জাহান সিগমা। প্রতিনিধিদলের সদস্যবৃন্দ তিনটি ক্লাস্টারের কার্যক্রম, সমস্যা ও সম্ভাবনা নিয়ে অ্যাসোসিয়েশন সভাপতিসহ উদ্যোক্তা ও কর্মীদের সাথে মতবিনিময় করেন।

## 'Food Safety Management System (FSMS) - ISO 22000:2018' প্রশিক্ষণ




১৮-২৩ ডিসেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় 'Professional Development Program on Food Safety Management System (FSMS)-ISO 22000:2018' প্রশিক্ষণ আয়োজন করা হয়। কৃষি ও খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্পের সাথে সম্পৃক্ত উদ্যোক্তা এবং এই খাতের একাডেমিক ডিগ্রীধারীদের জন্য এই প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে ২০জন উদ্যোক্তা/প্রফেশনাল অংশগ্রহণ করেন। প্রশিক্ষণের অংশ হিসেবে ISO 22000 সনদপ্রাপ্ত ফারহান অ্যাগ্রো প্রসেসরস, নারায়ণগঞ্জ সরেজমিন পরিদর্শন করা হয়। প্রশিক্ষণে নিরাপদ খাদ্য বিশেষজ্ঞ মো. ইমরুল হাসান প্রধান প্রশিক্ষক ছিলেন। সহযোগী প্রশিক্ষক হিসেবে নিরাপদ খাদ্য বিশেষজ্ঞ মো. সাইফুল কামাল আজাদ, মো. আবুল বাশার এবং মো. মনোয়ার হোসেন দায়িত্ব পালন করেন। প্রশিক্ষণ শেষে সনদ বিতরণ করেন ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী। প্রশিক্ষণপ্রাপ্ত উদ্যোক্তা/প্রতিনিধিগণ ফাউন্ডেশনের কারিগরি সহযোগিতায় নিজ প্রতিষ্ঠানে ISO 22000 বাস্তবায়ন করবেন।

## 'বিএসটিআই সনদপত্র প্রাপ্তিতে এসএমই উদ্যোক্তাদের করণীয়' কর্মশালা

১৫ অক্টোবর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ইন্সটিটিউট অব এসএমই ফাউন্ডেশনে এসএমই বিজনেস ইনকিউবেশন সেন্টারের ইনকিউবেটিদের জন্য 'বিএসটিআই সনদপত্র প্রাপ্তিতে এসএমই উদ্যোক্তাদের করণীয়' কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় বিএসটিআই সনদপত্র প্রাপ্তি সম্পর্কে উদ্যোক্তাদের ধারণা প্রদান করা হয়। এছাড়া বিএসটিআই এর প্রধান দায়িত্ব ও কার্যাবলী সম্পর্কে উদ্যোক্তাদের অবহিত করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক মো. আব্বাস আলী।

## ঠাকুরগাঁওয়ে 'ফাস্ট ফুড প্রিপারেশন অ্যান্ড প্রসেসিং' প্রশিক্ষণ

২৬-৩০ ডিসেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং বাংলাদেশ উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (বিডব্লিউসিসিআই)-এর সহযোগিতায় ঠাকুরগাঁওয়ে 'ফাস্ট ফুড প্রিপারেশন অ্যান্ড প্রসেসিং' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে চিকেন ফ্রাই, স্যান্ডউইচ, বার্গার, চাইনিজ রাইস ও ভেজিটেবল, চাইনিজ স্যুপ, ফ্রেঞ্চ ফ্রাই, ফ্রেঞ্চ টোস্ট, নাগেট, অন্থন, নান রুটি, গ্রিলড চিকেন, তান্দুরি চিকেন, চাউমিনসহ প্রায় ২০ প্রকারের আইটেম রেসিপিসহ তৈরি করে শেখানো হয়।

## 'বেকারি শিল্পে সঠিক উৎপাদন রীতি অনুশীলন' প্রশিক্ষণ




০৮-১০ অক্টোবর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে মুন্সীগঞ্জ প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটে 'বেকারি শিল্পে সঠিক উৎপাদন রীতি অনুশীলন' প্রশিক্ষণ আয়োজন করা হয়। মুন্সীগঞ্জের প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটে আয়োজিত প্রশিক্ষণে বেকারি শিল্পের ২৩জন উদ্যোক্তা ও কর্মী অংশগ্রহণ করেন। প্রশিক্ষণে বেকারি উদ্যোক্তাগণকে নিরাপদ ও মানসম্মত পণ্য উৎপাদনে সচেতন করা তথা কাচাঁমাল সংগ্রহ, পণ্য প্রস্তুত, সংরক্ষণ ও সরবরাহ করার সময় ব্যক্তিগত পরিচ্ছন্নতা, কারখানার অভ্যন্তরীন ও বাহ্যিক পরিবেশ, প্রসেস লাইনের পরিচ্ছন্নতা, খাবারের মেয়াদ ও মান প্রভৃতি বিষয়ে সচেতন করা ও নিজ কারখানায় বাস্তবায়ন বিষয়ে আলোচনা করা হয়। প্রশিক্ষণে স্বাস্থ্যসম্মত পরিবেশ ও পদ্ধতি অবলম্বন করে নিরাপদ খাদ্য উৎপাদনের ব্যবস্থাপনা সম্পর্কে সম্যক ধারণা প্রদান ও ব্যবহারিক ডেমন্সট্রেশন করা হয়।

## এসএমই ফাউন্ডেশন এবং বিবিডিএন-এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর



প্রতিবন্ধী জনগোষ্ঠীকে এগিয়ে নেয়ার লক্ষ্যে ২৩ অক্টোবর ২০২৪ এসএমই ফাউন্ডেশন এবং বাংলাদেশ বিজনেস ডিজএবিলিটি নেটওয়ার্ক (বিবিডিএন)-এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর করা হয়। সমঝোতা স্মারকে এসএমই ফাউন্ডেশনের পক্ষে স্বাক্ষর করেন ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী এবং বিবিডিএন-এর পক্ষে স্বাক্ষর করেন প্রধান নির্বাহী কর্মকর্তা মুর্তেজা রাফি খান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তার, বিবিডিএন-এর পরিচালক পর্ষদের সদস্য মনসুর আহমেদ চৌধুরী, হেড অব অপারেশনস আজিজা আহমেদ এবং Mr. Pedro Jr. Bellen, Chief Technical Advisor, ILO Bangladesh।

## উদ্যোক্তা-ব্যাংকার মতবিনিময়, ঋণ ম্যাচমেকিং ও ফাইন্যান্সিয়াল লিটারেসি কর্মসূচি



২৬ অক্টোবর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং আইপিডিসি ফাইন্যান্স ও বাংলাদেশ ব্যাংকের সহযোগিতায় যশোরের লাইট ইঞ্জিনিয়ারিং শিল্প পরিদর্শন, উদ্যোক্তাদের সাথে মতবিনিময়, ব্যাংকার-উদ্যোক্তা মতবিনিময় ও ঋণ ম্যাচমেকিং কর্মসূচি আয়োজন করা হয়। সম্ভাবনাময় এই শিল্পের উদ্যোক্তাদের এসএমই ফাউন্ডেশনের ক্রেডিট হোলসেলিং কর্মসূচির আওতায় বাস্তবায়নাধীন রিভলভিং ফান্ড থেকে ঋণ বিতরণ, বাংলাদেশ ব্যাংকের বিভিন্ন ঋণ স্কিমসমূহ সম্পর্কে অবহিতকরণ, এবং সহজ শর্তে ঋণ বিতরণের জন্য প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন নওশাদ মোস্তাফা, পরিচালক, বাংলাদেশ ব্যাংক। সভাপতিত্ব করেন এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তার। উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক সুমন চন্দ্র সাহা, বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি, যশোর শাখার সভাপতি আশরাফুল ইসলাম বাবু এবং আইপিডিসি ফাইন্যান্স-এর আঞ্চলিক প্রধান মো. আনোয়ার হোসেন। কর্মসূচিতে এ শিল্পে নিয়োজিত ৫০জন উদ্যোক্তা ও আইপিডিসি ফাইন্যান্স-এর কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন।

২৬ অক্টোবর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং আইপিডিসি ফাইন্যান্স ও বাংলাদেশ ব্যাংকের সহযোগিতায় যশোরের গদখালীতে ফুলের বাণিজ্যিক সম্প্রসারণে নিয়োজিত উদ্যোক্তাদের কার্যক্রম পরিদর্শন, ব্যাংকার-উদ্যোক্তা মতবিনিময় ও ঋণ ম্যাচমেকিং কর্মসূচি আয়োজন করা হয়।



এছাড়া ২৩ ডিসেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশন ও ঢাকা ব্যাংকের উদ্যোগে রাজশাহীতে উদ্যোক্তাদের আর্থিক অন্তর্ভুক্তি বৃদ্ধিসহ তাঁদের এসএমই ঋণ প্রাপ্তির সুযোগ সম্প্রসারণের লক্ষ্যে রেশম শিল্পে উদ্যোক্তাদের জন্য উদ্যোক্তা-ব্যাংকার মতবিনিময়, ঋণ ম্যাচমেকিং ও ফাইন্যান্সিয়াল লিটারেসি কর্মসূচি আয়োজন করা হয়।

## রিভলভিং তহবিল থেকে ঋণ বিতরণ কার্যক্রম পরিদর্শন

২২ ডিসেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ক্রেডিট হোলসেলিং কর্মসূচির আওতায় বাস্তবায়নাধীন রিভলভিং তহবিল থেকে চলমান ঋণ বিতরণ কার্যক্রম মনিটরিংয়ের অংশ হিসেবে ০২ অক্টোবর ২০২৪ জামালপুরের মেলান্দহ, ২৩ অক্টোবর ২০২৪ ফেনী, ১৮ ডিসেম্বর ২০২৪ গাইবান্ধার গোবিন্দগঞ্জ, ১৯ ডিসেম্বর ২০২৪ বগুড়ার ধুনট, ২২ ডিসেম্বর ২০২৪ রাজশাহীর বোয়ালিয়া থানা ও পবা উপজেলায় ঋণপ্রাপ্ত উদ্যোক্তার ব্যবসা প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়। ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক সুমন চন্দ্র সাহা, উপব্যবস্থাপক সাজু বড়ুয়া, সহকারী ব্যবস্থাপক মো. সালমান ইবনে মামুন পরিদর্শন সম্পন্ন করেন। পরিদর্শনকালে বাংলাদেশ কৃষি ব্যাংক, কর্মসংস্থান ব্যাংক, মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক, ব্র্যাক ব্যাংক এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের এসএমই শাখার কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

## 'Acceleration Program on Financial Literacy for Financial Inclusion of SMEs' কর্মসূচি



ফাউন্ডেশনের উদ্যোগে এসএমই উদ্যোক্তাদের আর্থিক অন্তর্ভুক্তি ত্বরান্বিতকরণসহ ঋণ প্রাপ্তির সুযোগ সৃষ্টির লক্ষ্যে 'Acceleration Program on Financial Literacy for Financial Inclusion of SMEs' কর্মসূচির আওতায় নির্দিষ্ট মানদণ্ড বিচারে নির্ধারিত উদ্যোক্তাদের নিয়ে ০৩ অক্টোবর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং বাংলাদেশ কৃষি ব্যাংকের সহায়তায় জামালপুরের মেলান্দহে, ১৭ অক্টোবর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং চিটাগং উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির সহায়তায় চট্টগ্রামে, ২৪ অক্টোবর ২০২৪ ফেনীতে ও ১৭ নভেম্বর ২০২৪ ব্র্যাক ব্যাংকের আয়োজনে এবং বাংলাদেশ ব্যাংক ও এসএমই ফাউন্ডেশনের সহায়তায় মৌলভীবাজারের বড়লেখা আগর-আতর ক্লাস্টারে উদ্যোক্তা, সংশ্লিষ্ট অংশীজনসহ স্থানীয় ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের উপস্থিতিতে কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালাসমূহে বাংলাদেশ ব্যাংক, বাংলাদেশ কৃষি ব্যাংক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক ও কর্মসংস্থান ব্যাংকের প্রতিনিধিবৃন্দ এবং ফাউন্ডেশনের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। ০৯ ডিসেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ওয়েভ ফাউন্ডেশনের সহায়তায় চুয়াডাঙ্গায় এসএমই উদ্যোক্তাদের আর্থিক সক্ষমতা বৃদ্ধিসহ তাঁদের অর্থনৈতিক সুবিধা সম্প্রসারণের লক্ষ্যে 'Financial Literacy for Financial Inclusion of SMEs' কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় উদ্যোক্তাদের এসএমই অর্থায়ন ও ব্যাংক ঋণ গ্রহণের প্রক্রিয়া এবং যথাযথ প্রস্তুতির অভাবে ঋণ না পাওয়া উদ্যোক্তাদের গ্রুমিং ও ব্যাংকের সাথে সংযোগ স্থাপন করানো হয়।

## 'এসএমই অর্থায়নে বেন্ডেড ফাইন্যান্সিং ফ্যাসিলিটির উপযোগিতা ও বাস্তবায়নের সম্ভাব্যতা' গবেষণা পরিচালনা



ইউনাইটেড নেশনস ডেভেলপমেন্ট প্রোগ্রাম (UNDP)-এর উদ্যোগে এবং এসএমই ফাউন্ডেশনের সহযোগিতায় এসএমই উদ্যোক্তাদের জন্য সহজ অর্থায়ন ত্বরান্বিতকরণের লক্ষ্যে দেশে একটি বেন্ডেড ফাইন্যান্স ফ্যাসিলিটি চালু করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। জলবায়ু সহিষ্ণু ব্যবসার সাথে খাপ খাওয়ানোর লক্ষ্যে এসএমই উদ্যোক্তাদের অর্থায়ন প্রক্রিয়ায় বেন্ডেড ফাইন্যান্সিং-এর উপযোগিতা ও এর বাস্তবায়ন সম্ভাব্যতা যাচাইকরণ কর্মসূচির মূল উদ্দেশ্য। কর্মসূচির আওতায় বিভিন্ন সময়ে বিভিন্ন সেক্টরের অংশীজনের সমন্বয়ে ফোকাস গ্রুপ আলোচনা সভা আয়োজন করা হয়। পাশাপাশি জলবায়ু পরিবর্তনের ফলে ক্ষতিগ্রস্ত অঞ্চলসমূহ পরিদর্শন করে এসএমই শিল্পের সাথে সংশ্লিষ্ট অংশীজনদের সাথে সভা অনুষ্ঠিত হয়। কর্মসূচির আওতায় ইউএনডিপি প্রতিনিধিদল ০৬ অক্টোবর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের কর্মকর্তাদের সাথে সৌজন্য সাক্ষাত এবং একত্রে কাজ করার সম্ভাব্য ক্ষেত্রসমূহ নিয়ে আলোচনা করেন। ০৮ অক্টোবর ২০২৪ বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের কর্মকর্তাবৃন্দের অংশগ্রহণে ফাউন্ডেশনের কার্যালয়ে ফোকাস গ্রুপ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। ১২ নভেম্বর ২০২৪ সরকারি সংস্থা, বিভিন্ন চেম্বার, অ্যাসোসিয়েশন, ট্রেডবডি, ক্লাস্টার প্রতিনিধিবৃন্দের সাথে ফোকাস গ্রুপ আলোচনা করা হয়। ১৪ নভেম্বর ২০২৪ জলবায়ু পরিবর্তনে ক্ষতিগ্রস্ত পটুয়াখালী ও চট্টগ্রামে ফোকাস গ্রুপ আলোচনা সভা আয়োজন করা হয়। ১৮ নভেম্বর ২০২৪ ফাউন্ডেশনের কার্যালয়ে আয়োজিত সভায় দেশের শীর্ষস্থানীয় ফিনটেক, স্টার্টআপ, ভেঞ্চার ক্যাপিটাল প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেন। চট্টগ্রাম বিভাগের বিভিন্ন জেলার উইম্যান অ্যাসোসিয়েশনের প্রতিনিধিবৃন্দের অংশগ্রহণে ১৯ নভেম্বর ২০২৪ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভাসমূহে ইউএনডিপি'র পক্ষ থেকে প্রতিষ্ঠানের আন্তর্জাতিক পরামর্শক রাগিনী বাজাজ চৌধুরী ও স্থানীয় কার্যালয়ের প্রতিনিধিবৃন্দ এবং ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তার, উপমহাব্যবস্থাপক সুমন চন্দ্র সাহা উপস্থিত ছিলেন। গবেষণায় প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে পাইলট কর্মসূচি পরিচালনা করা হবে।

## ‘The Fourth Industrial Revolution: Opportunities and Challenges for SMEs in Bangladesh’ সেমিনার




১১ নভেম্বর ২০২৪ আগারগাঁও পর্যটন ভবনে এসএমই ফাউন্ডেশন এবং জার্মান উন্নয়ন সংস্থা Friedrich-Ebert-Stiftung (FES), Bangladesh-এর উদ্যোগে ‘The Fourth Industrial Revolution: Opportunities and Challenges for SMEs in Bangladesh’ সেমিনার আয়োজন করা হয়। সেমিনারে স্বাগত বক্তব্য প্রদান করেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী এবং FES Bangladesh এর আবাসিক প্রতিনিধি Dr. Felix Gerdes বক্তব্য প্রদান করেন। প্রধান অতিথি ছিলেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সচিব শীষ হায়দার চৌধুরী এনডিসি। বিশেষ অতিথি ছিলেন শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. সলিম উলাহ। মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের তথ্য প্রযুক্তি ইনস্টিটিউটের অধ্যাপক ড. কাজী মুহাইমিন-উস-সাকিব। সেমিনারে এসএমই উদ্যোক্তা, বিভিন্ন মন্ত্রণালয় ও দপ্তর, এসএমই চেম্বার ও অ্যাসোসিয়েশন, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের প্রতিনিধি, গবেষক, অর্থনীতিবিদ এবং সংশ্লিষ্ট অংশীজন অংশগ্রহণ করেন।

## ‘Online Business Management and Financial Literacy for Women Entrepreneurs’ কর্মশালা



২৬-২৮ নভেম্বর ২০২৪ অনলাইন ব্যবসায় নিয়োজিত নারী-উদ্যোক্তাদের উন্নয়ন এবং তাঁদের আর্থিক অন্তর্ভুক্তির লক্ষ্যে এসএমই ফাউন্ডেশন এবং স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংকের উদ্যোগে বগুড়ায় ‘Online Business Management and Financial Literacy for Women Entrepreneurs’ কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় নারী-উদ্যোক্তাদের অনলাইনে উপস্থিতি আরো কার্যকর করার লক্ষ্যে ই-কমার্স, এফ-কমার্স, ফেসবুকে ব্যবসায়িক পেজ পরিচালনা ও বুস্টিং, কাস্টমার রিচ বৃদ্ধি করা বিষয়ে হাতে-কলমে প্রশিক্ষণ প্রদান করা হয়। উদ্যোক্তাদের সোশ্যাল মিডিয়া পোস্ট ও অ্যাড তৈরি, ব্যাবসায়িক প্রচার প্রসারে ব্যবহৃত বিভিন্ন টুল তৈরি, জিআইএফ ভিডিও তৈরি বিষয়ে সেশন পরিচালনা করেন এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপক মো. নাজমুল ইসলাম। নারী-উদ্যোক্তাদের ব্যাংক ঋণ প্রাপ্তি সহজ করার, ডকুমেন্টেশনের গুরুত্ব এবং নারীদের আর্থিক স্বাক্ষরতা বৃদ্ধির লক্ষ্যে সেশন পরিচালনা করেন স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংকের বগুড়ার হেড অব ব্রাঞ্চ এসএম তাইমুম রহমান। সমাপনী অনুষ্ঠানে এসএমই ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক মুহাম্মদ মাসুদুর রহমান, স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংকের হেড অফ বিজনেস ব্যাংকিং প্রোডাক্ট মিশায়েল আবু ইমাম, ফাউন্ডেশনের ব্যাবস্থাপক নাজমা খাতুন উদ্যোক্তাদের মাঝে সনদপত্র বিতরণ করেন।

## ‘Tax & VAT Management for SMEs’ প্রশিক্ষণ



২৮-৩১ অক্টোবর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং বাংলাদেশ প্লাস্টিকগুডস ম্যানুফ্যাকচারার অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিপিজিএমইএ)-এর সহযোগিতায় ‘Tax & VAT Management for SMEs’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে জাতীয় রাজস্ব বোর্ডের ২জন প্রশিক্ষক সেশন পরিচালনা করেন। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিপিজিএমইএ-এর সেক্রেটারি জেনারেল নারায়ণ চন্দ্র দে।

## এসএমই ফাউন্ডেশনের সাথে সিটি ব্যাংকের সঙ্গে চুক্তি স্বাক্ষর



রপ্তানি সম্ভাবনাময় পণ্যসহ ‘আমদানি-বিকল্প পণ্যের’ উৎপাদন বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নে এসএমই খাতে ঋণের প্রবাহ বৃদ্ধিতে উদ্যোক্তাদের মধ্যে ঋণ বিতরণের লক্ষ্যে ২৯ অক্টোবর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের সাথে সিটি ব্যাংকের সঙ্গে চুক্তি স্বাক্ষর করা হয়। রাজধানীর সিটি ব্যাংক সেন্টারে আয়োজিত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী, সিটি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মাসরুর আরেফিন স্বীয় প্রতিষ্ঠানের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তার ও মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন, উপমহাব্যবস্থাপক সুমন চন্দ্র সাহা, সিটি ব্যাংকের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক মো. মাহবুবুর রহমান এফসিএ, উপব্যবস্থাপনা পরিচালক মেসবাউল আসিফ সিদ্দিকী, এসএমই বিভাগের প্রধান কামরুল মেহেদিসহ উভয় প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ।

## ইনকিউবেটি উদ্যোক্তাদের দক্ষতা বৃদ্ধিতে কারখানা পরিদর্শন



এসএমই ফাউন্ডেশনের বিজনেস ইনকিউবেশন সেন্টার হতে ইনকিউবেটি উদ্যোক্তাদের দক্ষতা বৃদ্ধিতে ব্যবসায়িক উদ্যোগ ও কারখানা ব্যবস্থাপনা বিষয়ে ব্যবহারিক জ্ঞানার্জনে ০৮ ডিসেম্বর ২০২৪ পরিদর্শন কার্যক্রম গ্রহণ করা হয়। যার উদ্দেশ্য হচ্ছে:

- ❖ কারখানা সেট-আপ ও পরিচালনায় করণীয় বিষয়ে উপস্থাপনা।
- ❖ কাঁচামাল সংগ্রহ ও পণ্য তৈরির বিষয়ে জ্ঞানার্জন।
- ❖ সফল উদ্যোক্তার সফলতার বিষয়ে আলোচনা।
- ❖ সর্বোপরি ইনকিউবেটি উদ্যোক্তাদের ব্যবসা ব্যবস্থাপনায় সরেজমিন পরিদর্শন ও জ্ঞানার্জন।

এ কার্যক্রমের আওতায় ইনকিউবেটি উদ্যোক্তারা বেঙ্গল ব্রেইডেড রাগস, সিঙ্গাইর, মানিকগঞ্জ পরিদর্শন করে ব্যবসা পরিচালনার বিভিন্ন বিষয়ে জ্ঞানার্জন করেন। এ সময় ইনকিউবেটিদের সাথে মতবিনিময় করেন শাহেদুল ইসলাম হেলাল, ভাইস চেয়ারম্যান, বেঙ্গল ব্রেইডেড রাগস্ এবং সদস্য, পরিচালক পর্ষদ, এসএমই ফাউন্ডেশন। এ কার্যক্রমে ইনকিউবেটিদের সাথে ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক মো. মোস্তাফিজুর রহমান ও সহকারী ব্যবস্থাপক মো. নাজমুল ইসলাম অংশগ্রহণ করেন।

## স্টার্টআপ, ভেঞ্চার ক্যাপিটাল প্রতিষ্ঠান প্রতিনিধিদের সাথে আলোচনা সভা



১৮ নভেম্বর ২০২৪ ইউনাইটেড নেশনস ডেভেলপমেন্ট প্রোগ্রাম (ইউএনডিপি)-এর উদ্যোগে এবং এসএমই ফাউন্ডেশনের সহযোগিতায় এসএমই উদ্যোক্তাদের জন্য সহজ অর্থায়ন ত্বরান্বিতকরণের লক্ষ্যে দেশে একটি বেন্ডেড ফাইন্যান্স ফ্যাসিলিটি চালু করার উদ্যোগের অংশ হিসেবে দেশের শীর্ষস্থানীয় ফিনটেক, স্টার্টআপ, ভেঞ্চার ক্যাপিটাল প্রতিষ্ঠান প্রতিনিধিদের অংশগ্রহণে আলোচনা সভা আয়োজন করা হয়। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তার। রাগিনী বাজাজ চৌধুরী, আন্তর্জাতিক পরামর্শক, ইউএনডিপি-এর স্থানীয় কার্যালয়ের প্রতিনিধি সভায় অংশগ্রহণ করেন।

## এসএমই উদ্যোক্তাদের 'অনলাইন প্ল্যাটফর্মে অন্তর্ভুক্তিকরণ' কর্মশালা




০৮ অক্টোবর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে 'এসএমই উদ্যোক্তাদের অনলাইন প্ল্যাটফর্মে অন্তর্ভুক্তিকরণ' কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় foodpanda মার্কেটপ্লেসে এসএমই উদ্যোক্তাদের অন্তর্ভুক্ত হওয়ার প্রয়োজনীয়তা ও মার্কেটপ্লেস থেকে প্রদত্ত সুবিধাসমূহ উপস্থাপন করা হয়। কর্মশালায় প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী। উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক সালাহউদ্দিন মাহমুদ, মহাব্যবস্থাপক ফারজানা খান, সহকারী মহাব্যবস্থাপক মো. মোস্তাফিজুর রহমান। কর্মশালায় foodpanda এর হেড অব সেলস সিরাজুল হক বিস্তারিত উপস্থাপনা করেন।

## 'Cybersecurity Awareness for SMEs' প্রশিক্ষণ




সাইবার আক্রমণের মাধ্যমে ব্যবসায়িক তথ্য চুরি, উদ্যোক্তাদের আর্থিক ক্ষতি এবং ব্র্যান্ডের সুনাম নষ্টের আশংকা রয়েছে। এই প্রেক্ষাপটে এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ০১-০৩ ডিসেম্বর ২০২৪ 'Cybersecurity Awareness for SMEs' প্রশিক্ষণ আয়োজন করা হয়। এই প্রশিক্ষণের মাধ্যমে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তারা তাদের ব্যবসার জন্য প্রয়োজনীয় নিরাপত্তামূলক পদক্ষেপ সম্পর্কে শিখতে এবং সাইবার আক্রমণ প্রতিরোধে কার্যকর কৌশল গ্রহণ করতে সক্ষম হবে বলে আশা করা যায়। প্রশিক্ষণ সমাপনী অনুষ্ঠানে ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক ফারজানা খান সনদ বিতরণ করেন।

## 'How to become a Freelancer' প্রশিক্ষণ




এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ২২-২৬ ডিসেম্বর ২০২৪ ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনের কম্পিউটার ল্যাবে 'How to become a freelancer' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের আইসিটি ফ্রিল্যান্সিং এর বিভিন্ন বিষয়ে হাতে-কলমে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক মো. মোস্তাফিজুর রহমান সনদ প্রদান করেন।

## 'Website Development & Maintenance' প্রশিক্ষণ



২৩-২৪ অক্টোবর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ইন্সটিটিউট অব এসএমই ফাউন্ডেশনে এসএমই বিজনেস ইনকিউবেশন সেন্টারের ইনকিউবেটিদের নিজস্ব ওয়েবসাইট তৈরি ও পরিচালনায় দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে 'Website Development & Maintenance' প্রশিক্ষণ আয়োজন করা হয়। সমাপনী অনুষ্ঠানে ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক মো. মোস্তাফিজুর রহমান সনদ বিতরণ করেন।

## 'কৃত্রিম বুদ্ধিমত্তা দিয়ে অনলাইন মার্কেটিং ত্বরান্বিতকরণ' প্রশিক্ষণ



এসএমই উদ্যোক্তাদের ব্যবসার প্রচার ও পরিচালনায় AI প্রযুক্তি ব্যবহার করে গ্রাহক সেবা উন্নত করতে, মার্কেটিং কার্যক্রমকে স্বয়ংক্রিয় করতে, এবং ব্যবসার দক্ষতা বৃদ্ধি করতে পারে। তাই এসএমই উদ্যোক্তাদের AI টুলগুলো ব্যবহার করার সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে তাদের ব্যবসায়িক প্রবৃদ্ধি ত্বরান্বিত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই প্রেক্ষাপটে ১৫-১৭ অক্টোবর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে 'কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) দিয়ে অনলাইন মার্কেটিং ত্বরান্বিতকরণ' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণটি উদ্যোক্তাদের দক্ষতা বাড়িয়ে তাদের ব্যবসায়িক সফলতা নিশ্চিত করতে সহায়ক হবে বলে আশা করা যায়। সমাপনী অনুষ্ঠানে ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী, মহাব্যবস্থাপক ফারজানা খান এবং সহকারী মহাব্যবস্থাপক মো. মোস্তাফিজুর রহমান সনদ বিতরণ করেন।




১৯-২১ নভেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে 'কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) দিয়ে অনলাইন মার্কেটিং ত্বরান্বিতকরণ' কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় ৩০জন উদ্যোক্তা হাতে-কলমে কৃত্রিম বুদ্ধিমত্তার ব্যবহারিক জ্ঞান অর্জন করে। কর্মশালাটি উদ্যোক্তাদের দক্ষতা বাড়িয়ে তাদের ব্যবসায়িক সফলতা নিশ্চিত করতে সহায়ক হবে বলে আশা করা যায়। ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক ফারজানা খান, সহকারী মহাব্যবস্থাপক মো. মোস্তাফিজুর রহমান সমাপনী অনুষ্ঠানে সনদ বিতরণ করেন।

## এসএমই ব্যবসা প্রসারে 'ডিজিটাল ফটোগ্রাফি' প্রশিক্ষণ



পণ্যের যথাযথ ছবি প্রাপ্তির লক্ষ্যে ফটোগ্রাফি বিষয়ে ধারণা থাকা জরুরি। এ বিষয়ে উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে ঢাকায় ২৯ সেপ্টেম্বর-০১ অক্টোবর ২০২৪ এবং ২০-২২ অক্টোবর ২০২৪ এসএমই ফাউন্ডেশন কর্তৃক 'এসএমই ব্যবসা প্রসারে ডিজিটাল ফটোগ্রাফি' প্রশিক্ষণ আয়োজিত হয়। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে এসএমই ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক মো. মোস্তাফিজুর রহমান সনদ বিতরণ করেন।

১৬-১৭ অক্টোবর ২০২৪ কুমিল্লায় 'এসএমই ব্যবসা প্রসারে ডিজিটাল ফটোগ্রাফি' কর্মশালা আয়োজিত হয়। কর্মশালা তদারকী করেন এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপক মো. সাইফুর রহমান মানিক।

১৩-১৪ নভেম্বর ২০২৪ পাবনায় 'এসএমই ব্যবসা প্রসারে ডিজিটাল ফটোগ্রাফি' কর্মশালা আয়োজিত হয়। কর্মশালা তদারকী করেণ এসএমই ফাউন্ডেশনের সহকারী ব্যবস্থাপক মো. রেজাউল করিম।

০৪-০৫ ডিসেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার-এর সহযোগিতায় রংপুরে 'এসএমই ব্যবসা প্রসারে ডিজিটাল ফটোগ্রাফি' কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালা পরিচালনা করেন এসএমই ফাউন্ডেশনের সহকারী ব্যবস্থাপক মো. রেজাউল করিম। প্রশিক্ষণে রিসোর্সপার্সন ছিলেন তরুণ কর্মকার, ডকুমেন্টারি ফিল্মমেকার ও সিনেমাটোগ্রাফার। কর্মশালায় রংপুর জেলার বিভিন্ন সেক্টরের ৩৪জন এসএমই উদ্যোক্তা অংশগ্রহণ করেন।

## হাজারীবাগ চামড়াজাত পণ্য ক্লাস্টার পরিদর্শন ও উদ্যোক্তাদের সাথে মতবিনিময় সভা



১৭ অক্টোবর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে হাজারীবাগ লেদার পণ্য ক্লাস্টার পরিদর্শন ও উদ্যোক্তাদের সাথে মতবিনিময় সভা আয়োজন করা হয়। সভায় প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী। বক্তব্য প্রদান করেন মহাব্যবস্থাপক ফারজানা খান, উপমহাব্যবস্থাপক আবু মঞ্জুর সাঈফ এবং সহকারী মহাব্যবস্থাপক রাহুল বড়ুয়াসহ হাজারীবাগ লেদার পণ্য ক্লাস্টারের উদ্যোক্তাবৃন্দ। মতবিনিময় সভায় উদ্যোক্তারা ক্লাস্টারটিতে কমন ফ্যাসিলিটি ল্যাব স্থাপন, সরাসরি পণ্য রপ্তানিতে সহায়তা, অন্তর্জাতিক মেলায় অংশগ্রহণে সহায়তা এবং ঢাকার কাছাকাছি স্থায়ী প্লট প্রাপ্তিতে ফাউন্ডেশনের সহযোগিতা চান।

## মিরপুর বেনারসি ক্লাস্টার পরিদর্শন ও উদ্যোক্তাদের সাথে মতবিনিময়



২৭ নভেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকার মিরপুর বেনারসি ক্লাস্টার পরিদর্শন ও উদ্যোক্তাদের সাথে মতবিনিময় সভা আয়োজন করা হয়। সভায় প্রধান অতিথি ছিলেন ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী। উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক ফারজানা খান, সহকারী মহাব্যবস্থাপক রাহুল বড়ুয়া এবং বাংলাদেশ বেনারসি ওয়েলফেয়ার কমিটির সভাপতি জয়নাল আবেদীন (লালু), সাধারণ সম্পাদক মো. শামীম আখতার সিদ্দিকীসহ উদ্যোক্তাবৃন্দ। সভায় উদ্যোক্তাগণ বেনারসি শিল্পকে সমৃদ্ধ ও বহুমূখীকরণে 'পণ্যের ডিজাইন ও বৈচিত্র্যকরণ' প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করার অনুরোধ করেন।

## টাঙ্গাইলের বাঁশ-বেত শিল্পের উন্নয়ন চাহিদা নিরূপণ ও উদ্যোক্তাদের সাথে মতবিনিময়




২১ নভেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে টাঙ্গাইলের বাঁশ-বেত শিল্পের উন্নয়ন চাহিদা নিরূপণ ও উদ্যোক্তাদের সাথে মতবিনিময় করা হয়। এসময় উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক আবু মঞ্জুর সাঈফ এবং সহকারী ব্যবস্থাপক আবু সালেহ মো. এমদাদুলাহ এবং প্রায় ৩০জন কারিগর ও স্থানীয় ব্যবসায়ীগণ।

## 'পণ্যের ডিজাইন ডেভেলপমেন্ট' প্রশিক্ষণ



২৯-৩১ ডিসেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে পটুয়াখালীর বাউফল মৃৎশিল্প ক্লাস্টারে 'পণ্যের ডিজাইন ডেভেলপমেন্ট' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে সনদ বিতরণ করেন ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক রাহুল বড়ুয়া।

## ক্লাস্টার পণ্য প্রদর্শনী ও ক্রেতা-বিক্রেতা সম্মিলন আয়োজনের প্রস্তুতি সভা



এসএমই ক্লাস্টার উদ্যোক্তাদের বাজার ব্যবস্থার সাথে সংযোগ তৈরি, পণ্যের প্রচার-প্রসার এবং ক্রেতা ও বিক্রেতাদের মধ্যে সেতুবন্ধন তৈরির লক্ষ্যে 'এসএমই ক্লাস্টার পণ্য প্রদর্শনী ও ক্রেতা-বিক্রেতা সম্মিলন' আয়োজনের পরিকল্পনা গ্রহণ করেছে এসএমই ফাউন্ডেশন। এ লক্ষ্যে ২৩ অক্টোবর ২০২৪ ফাউন্ডেশনের সভাকক্ষে ক্রেতা-বিক্রেতা সম্মিলন আয়োজনের প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরীর সভাপতিত্বে সভায় স্বাগত বক্তব্য প্রদান করেন মহাব্যবস্থাপক ফারজানা খান। ক্লাস্টারে উৎপাদিত পণ্য এবং আসন্ন 'এসএমই ক্লাস্টার পণ্য প্রদর্শনী ও ক্রেতা-বিক্রেতা সম্মিলন ২০২৪' এর উপর প্রেজেন্টেশন প্রদান করেন উপমহাব্যবস্থাপক জনাব আবু মঞ্জুর সাঈফ। প্রস্তুতি সভায় উপস্থিত ছিলেন বাংলাদেশ ব্যাংকের অতিরিক্ত পরিচালক মাহবুবুর রহমান এবং বাটা বাংলাদেশ, এপেক্স ফুটওয়্যার, ইউনিমার্ট, নিপুণ ক্র্যাফটস, বিবিয়ানা, প্রকৃতি, বাংলা ক্রাফট, কর্পোরেট ভিউ, ই-ক্যাব, ডিজিটাল পল্লীসহ স্বনামধন্য প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ।

## পটুয়াখালীর বাউফল মৃৎশিল্প ক্লাস্টারে এক্সপোজার ভিজিট

৩১ ডিসেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে চট্টগ্রামের বাঁশখালী মৃৎশিল্প ক্লাস্টারের উদ্যোক্তা প্রতিনিধিদের পটুয়াখালীর বাউফল মৃৎশিল্প ক্লাস্টারে এক্সপোজার ভিজিট আয়োজন করা হয়। এসময় বাঁশখালী মৃৎশিল্প ক্লাস্টারের সাতজন কারিগর ও উদ্যোক্তা বাউফল মৃৎশিল্প ক্লাস্টারের কার্যক্রম প্রত্যক্ষ করে ও হাতে-কলমে কাজ করে। অংশগ্রহণ করেন ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক রাহুল বড়ুয়া।

## মানিকগঞ্জের ঘিওর বাঁশ-বেত শিল্প ক্লাস্টার পরিদর্শন ও উদ্যোক্তাদের সাথে মতবিনিময়

১০ নভেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে মানিকগঞ্জের ঘিওর বাঁশ-বেত শিল্প ক্লাস্টার পরিদর্শন ও উদ্যোক্তাদের সাথে মতবিনিময় সভা আয়োজন করা হয়। সভায় প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী। উপস্থিত ছিলেন মহাব্যবস্থাপক ফারজানা খান, এবং উপব্যবস্থাপক অসীম কুমার হালদারসহ ঘিওর বাঁশ-বেত শিল্প ক্লাস্টারের উদ্যোক্তাবৃন্দ। সভায় উদ্যোক্তারা ক্লাস্টারের উৎপাদিত পণ্য সরাসরি রপ্তানি, বাজারজাতকরণ, দেশী ও আন্তর্জাতিক মেলায় অংশগ্রহণের সুযোগ, স্বল্প সুদে ঋণ এবং যুগোপযোগী প্রশিক্ষণ প্রাপ্তিতে ফাউন্ডেশনের সহযোগিতা চান। ইতঃপূর্বে এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে কারিগরি প্রশিক্ষণ, সহজ শর্তে অর্থায়ন, নিত্য নতুন পণ্যের ডিজাইন কর্মসূচি বাস্তবায়নের ফলে আগের হাতেগোনা কয়েকটি পণ্য তৈরি করতেন উদ্যোক্তারা। এখন তারা প্রায় ৭০ ধরনেরও বেশি পণ্য তৈরি করছেন।

## ঘিওর বাঁশ-বেত ক্লাস্টারের 'বাঁশজাত শিল্প পণ্যের বৈচিত্র্যকরণ এবং ডিজাইন ডেভেলপমেন্ট' প্রশিক্ষণ



০৪-০৮ ডিসেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে মানিকগঞ্জের ঘিওর বাঁশ-বেত ক্লাস্টারের উদ্যোক্তাদের 'বাঁশজাত শিল্প পণ্যের বৈচিত্র্যকরণ এবং ডিজাইন ডেভেলপমেন্ট' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে উদ্যোক্তারা ২০ ধরনের প্রায় ৬০টি নতুন পণ্য তৈরির কৌশল আত্মস্থ করেন। ঘিওর বাঁশ-বেত ক্লাস্টারে ফাউন্ডেশনের উদ্যোগে ইতোমধ্যে বাস্তবায়িত 'পণ্যের ডিজাইন ডেভেলপমেন্ট' প্রশিক্ষণের ফলে এখন উদ্যোক্তারা ১৫০ ধরনেরও বেশি পণ্য তৈরি করছেন। এই ক্লাস্টার এলাকায় বাঁশজাত পণ্যের কাঁচামাল সহজলভ্য হওয়ায় 'বাঁশজাত শিল্প পণ্যের বৈচিত্র্যকরণ এবং ডিজাইন ডেভেলপমেন্ট' প্রশিক্ষণ বাস্তবায়ন পরবর্তীতে অধিক কর্মসংস্থান ও নতুন পণ্য যুক্ত হয়ে বাজার সহায়ক হবে মর্মে আশা করা যায়। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে ফাউন্ডেশনের উপব্যবস্থাপক আশরাফুল আমিন ও অসীম কুমার হালদার উদ্যোক্তাদের মাঝে সনদ বিতরণ করেন।

## এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক সালাহউদ্দিন মাহমুদের মৃত্যুতে শোক সভা



এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক সালাহউদ্দিন মাহমুদ ১০ অক্টোবর ২০২৪ মৌলভীবাজার জেলার শ্রীমঙ্গলে দাপ্তরিক দায়িত্ব পালনকালে মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি ওয়াইন্না ইলাইহি রাজিউন)। সালাহউদ্দিন মাহমুদ চাকরি জীবনে অত্যন্ত কর্তব্যপরায়ণ, দক্ষ, নিষ্ঠাবান ও সদালাপী কর্মকর্তা ছিলেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, এক পুত্র, দুই কন্যা সন্তান, বহু আত্মীয়-স্বজন এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। সালাহউদ্দিন মাহমুদের অকাল মৃত্যুতে এসএমই ফাউন্ডেশন গভীর শোক প্রকাশসহ তাঁর আত্মার মাগফিরাত কামনা করছে এবং মরহুমের শোক সন্তপ্ত পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছে। উল্লেখ্য, সালাহউদ্দিন মাহমুদ ৪ জানুয়ারি ১৯৬২ ঢাকার চালাবন, দক্ষিণ খান এলাকার সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ২১ জানুয়ারি ১৯৮৬ বিসিএস (প্রশাসন) ক্যাডারে যোগদান করেন। তিনি বিসিএস (প্রশাসন) ক্যাডারের ৮৪ ব্যাচের একজন কর্মকর্তা ছিলেন। মৃত্যুর পূর্ব পর্যন্ত তিনি বিভিন্ন দপ্তরে দায়িত্ব পালন করেন। সালাহউদ্দিন মাহমুদ ০১ নভেম্বর ২০২১ এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক (চুক্তিভিত্তিক) পদে যোগদান করেন। ফাউন্ডেশনে যোগদানের পূর্বে সর্বশেষ তিনি শিল্প মন্ত্রণালয়ে ২৯ মার্চ ২০১৮ হতে ৩ জানুয়ারি ২০২১ পর্যন্ত অতিরিক্ত সচিব হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি ২০১৯-২০২১ পর্যন্ত এসএমই ফাউন্ডেশনের পরিচালক পর্ষদ সদস্য ছিলেন।

## 'Bankable Loan Proposal Preparation' কর্মশালা



বাংলাদেশে নারী-উদ্যোক্তা উন্নয়নে SheProspers: Elevating Women Entrepreneurs in Bangladesh কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে এসএমই ফাউন্ডেশন এবং দি এশিয়া ফাউন্ডেশন যৌথভাবে কাজ করছে। এর আওতায় ২০২৪-২৫ অর্থবছরে নারী-উদ্যোক্তাদের ছয় ধাপে বিভিন্ন সহায়তা প্রদান করা হবে। তন্মধ্যে উল্লেখযোগ্য, প্রশিক্ষণ এবং নিয়মিত কোচিংয়ের মাধ্যমে নারী-উদ্যোক্তাদের ব্যবসায়িক পরিকল্পনা তৈরিতে উপযুক্ত করে গড়ে তোলা এবং বিভিন্ন ব্যাংকের মাধ্যমে ঋণ প্রাপ্তি সহায়তা নিশ্চিত করা। এর অংশ হিসেবে ২৯-৩০ ডিসেম্বর ২০২৪ গাজীপুরে নারী-উদ্যোক্তাদের অংশগ্রহণে 'Bankable Loan Proposal Preparation' আবাসিক কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় দুইজন পেশাদার ব্যাংকারের মাধ্যমে নারী-উদ্যোক্তাদেরকে ব্যাংকেবল করার নিমিত্ত ব্যাংক ঋণ প্রস্তাবনা প্রস্তুতে সহায়তা প্রদান করা হয়। কর্মশালার বিষয়বস্তু বৈচিত্র্যময় এবং নারী-উদ্যোক্তাদের জন্য উপযোগী করে তোলার লক্ষ্যে অভিজ্ঞ রিসোর্স পার্সনগণের সহায়তায় প্রশিক্ষণ কারিকুলাম তৈরি করা হয়। কারিকুলামে আর্থিক ব্যবস্থাপনা, ঋণ ব্যবস্থাপনা, ঋণ প্রাপ্তির কৌশল, ডকুমেন্টশন, প্রোফাইল তৈরি করা অন্তর্ভুক্ত রয়েছে। কর্মশালার সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক মুহাম্মদ মাসুদুর রহমান, ব্যবস্থাপক সৈয়দা সুলতানা ইয়াসমিন, উপব্যবস্থাপক মো. নাজমুল ইসলাম, সহকারী ব্যবস্থাপক ইমরাত-ই-জান্নাত ইমু, দি এশিয়া ফাউন্ডেশনের প্রোগ্রাম ম্যানেজার ইজলাল মইন হোসেন, সিনিয়র প্রোগ্রাম অফিসার রত্না মারিয়া রোজারিও, ডেভলার্ন কনসালটেন্সি-এর ম্যানেজিং পার্টনার নাঈম কাশেম।

## খুলনায় 'পণ্যের ভিজ্যুয়াল মার্কেটিং' প্রশিক্ষণ

এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ১৯-২১ নভেম্বর ২০২৪ খুলনায় 'পণ্যের ভিজ্যুয়াল মার্কেটিং' প্রশিক্ষণ আয়োজন। প্রশিক্ষণে অনলাইন ব্যবসার সাথে জড়িত উদ্যোক্তাদের পণ্যের ছবি ব্যবহার করে মার্কেটিং করার পদ্ধতি শেখানো হয়। প্রশিক্ষণে খুলনার ৩০জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন। প্রশিক্ষণ শেষে উদ্যোক্তাদের মাঝে সনদ বিতরণ করা হয়।

## 'Students Heed to Entrepreneurship (SHE)' কর্মশালা




এসএমই ফাউন্ডেশন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের সাথে পারস্পারিক সহযোগিতার ভিত্তিতে দেশব্যাপী শিক্ষার্থীদের আত্মকর্মসংস্থান তৈরির লক্ষ্যে তাঁদের মধ্যে উদ্যোক্তা মানসিকতা তৈরিতে বিভিন্ন উৎসাহ প্রদানমূলক কর্মশালা আয়োজন করে আসছে। এরই ধারাবাহিকতায় এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে নতুন নারী উদ্যোক্তা তৈরির লক্ষ্যে 'Students Heed to Entrepreneurship (SHE)' কর্মশালা ২৯ অক্টোবর ২০২৪ ঢাকার ন্যাশনাল কলেজ অব হোম ইকনোমিক্স-এ আয়োজন করা হয়। কর্মশালায় ন্যাশনাল কলেজ অব হোম ইকনোমিক্স-এর শিক্ষার্থী, শিক্ষিকাবৃন্দ, মেন্টরগণসহ ১০০জন অংশগ্রহণ করেন। কর্মশালায় অংশগ্রহণকারীদের উদ্দেশ্যে স্বীয় ক্ষেত্রে সফল তিনজন নারী উদ্যোক্তা লিপি খন্দকার, স্বত্ত্বাধিকারী বিবিয়ানা, তাসলিমা মিজি, স্বত্ত্বাধিকারী গুটিপা এবং আবিদা সুলতানা স্বত্ত্বাধিকারী ব্রাইডাল ক্রিয়েশন অনুপ্রেরণামূলক বক্তব্য প্রদান করেন। কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে ন্যাশনাল কলেজ অব হোম ইকনোমিক্স-এর অধ্যক্ষ অধ্যাপক নুরুন নাহার বেগমের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী, বিশেষ অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তার ও ফারজানা খান। উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক মুহাম্মদ মাসুদুর রহমান এবং ন্যাশনাল কলেজ আব হোম ইকনোমিক্স-এর উপাধ্যক্ষ অধ্যাপক নাইমুন নাহার।

## 'ফাস্ট ফুড প্রস্তুতকরণ' প্রশিক্ষণ



১০-১৪ নভেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং উইমেন এন্ট্রাপ্রিনিউর অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (WEAB)-এর সহযোগিতায় 'ফাস্ট ফুড প্রস্তুতকরণ' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে ফ্রেঞ্চ ফ্রাই, পটেটো ওয়েজেস, মেয়নিজ, নাগেট, ভেজিটেবল কাটলেট, রাশিয়ান সালাদ, চিকেন প্যাটিজ, শর্মা, পিৎজা, চাউমিন, পাউন্ড কেক, স্যান্ডউইচ, পাস্তাসহ প্রায় ২০ ধরনের আইটেম তৈরি রেসিপিসহ শেখানো হয়। ঢাকা জেলার ৩০জন নারী-উদ্যোক্তা প্রশিক্ষণে অংশগ্রহণ করেন।

প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ওয়েব প্রেসিডেন্ট নাসরিন ফাতেমা আউয়াল। এসএমই ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক মো. আব্বাস আলী এবং উপব্যবস্থাপক সালমা সুলতানা অনুষ্ঠানে উদ্যোক্তাদের মাঝে সনদ বিতরণ করেন।

## রংপুরে 'বিউটিফিকেশন ও পার্লার ব্যবস্থাপনা' প্রশিক্ষণ

১৭ নভেম্বর-০৬ ডিসেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে রংপুরে 'বিউটিফিকেশন ও পার্লার ব্যবস্থাপনা' প্রশিক্ষণ আয়োজন করা হয়। দীর্ঘমেয়াদী এ প্রশিক্ষণে অংশগ্রহণকারী উদ্যোক্তাগণ স্কিন কেয়ার, পার্টি ও ব্রাইডাল মেকআপ, হেয়ার স্টাইল, পেডিকিউর, মেনিকিউর, হেয়ার কালারিং, হেয়ার ট্রিটমেন্ট, বিভিন্ন প্রকার ফেসিয়ালসহ সৌন্দর্য-সেবা বিষয়ে তাত্ত্বিক ও ব্যবহারিক জ্ঞান লাভ করেন। এছাড়া পার্লার ব্যবস্থাপনা, বিউটিফিকেশন ইন্ডাস্ট্রির হেলথ-হাইজিন, গ্রুমিং, কেস স্টাডি, আয়ুর্বেদ রূপচর্চা বিষয়ে উদ্যোক্তাদের সার্বিক ধারণা প্রদান করা হয়। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে এসএমই ফাউন্ডেশনের উপব্যবস্থাপক মোহাম্মদ মনজুরুল হক সনদ বিতরণ করেন।

### নতুন উদ্যোক্তা তৈরি ও বিদ্যমান উদ্যোক্তাদের জন্য

# এসএমই ফাউন্ডেশনের দক্ষতা উন্নয়ন কার্যক্রম

ঢাকাসহ দেশের বিভিন্ন অঞ্চল/এসএমই ক্লাস্টার/অ্যাসোসিয়েশন/ট্রেডবডি/চেম্বারের চাহিদার প্রেক্ষিতে দেশব্যাপী সম্ভাবনাময় নতুন উদ্যোক্তা তৈরি ও বিদ্যমান এসএমই উদ্যোক্তাদের সক্ষমতা বৃদ্ধিতে এবং এসএমই খাতের উন্নয়নে ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশন নানা ধরনের প্রশিক্ষণ পরিচালনা করে থাকে। অক্টোবর-ডিসেম্বর ২০২৪-এ ফাউন্ডেশন আয়োজিত ৩৮টি প্রশিক্ষণে ১০৫৬জন (নারী: ৭৩৩, পুরুষ: ৩২৩) উদ্যোক্তা অংশগ্রহণ করেন। উল্লেখ্যযোগ্য প্রশিক্ষণের বিবরণ নিম্নে তুলে ধরা হলো:

## ‘কালিনারি আর্টস ফর এসএমই এন্টারপ্রেনিয়র’ প্রশিক্ষণ




০১-২০ অক্টোবর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ‘কালিনারি আর্টস ফর এসএমই এন্টারপ্রেনিয়র’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে কাবাব, ফাস্ট ফুড, স্ট্রিট ফুড, চাইনিজ, কন্টিনেন্টাল ফুড, কেক, ব্রেড, বিস্কুট, রোল, মুজ, পেটিস, ফুড পেটিং, ভেজিটেবল কার্ভিং অর্থাৎ খাবার রান্না থেকে শুরু করে পরিবেশন পর্যন্ত খুটিনাটি, পণ্যের মান নিয়ন্ত্রণ, প্যাকেজিং ও বাজারজাতকরণ বিষয়ে ধারণা প্রদান করা হয়। এছাড়া ক্যাটারিং ব্যবসার সাধারণ বিষয়সমূহ, ব্যবসা পরিচালনা পদ্ধতি সম্পর্কে ধারণা, মূল্য নির্ধারণ পদ্ধতি, ফুড হাইজিন সম্পর্কে ধারণা, খাদ্যপণ্য তৈরি এবং বিক্রয় ব্যবস্থাপনা, খাবার সংরক্ষণ ধারণা, যন্ত্রপাতি সম্পর্কে ব্যবহারিক জ্ঞান প্রদান করা হয়। ঢাকা এবং ঢাকার বাইরের ৩৩জন উদ্যোক্তা প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী সনদ বিতরণ করেন।

## ‘ফ্যাশন টেকনোলজি অ্যান্ড ডিজাইন (২য় ব্যাচ)’ প্রশিক্ষণ



২৩ নভেম্বর-১৫ ডিসেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ‘ফ্যাশন টেকনোলজি অ্যান্ড ডিজাইন (২য় ব্যাচ)’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। রংপুর, দিনাজপুর, টাংগাইল, মুন্সীগঞ্জ, নোয়াখালী, সিলেট, মাদারীপুরসহ কয়েকটি জেলার ৩০জন উদ্যোক্তা প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। প্রশিক্ষণে ইলাস্ট্রেশন, প্রিন্টিং, ডাইং, প্যাটার্ন, কস্টিং, প্রোডাক্ট প্রমোশন এবং মার্কেটিং বিষয়ে উদ্যোক্তাদের ধারণা প্রদান করা হয়। প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক মো. আব্বাস আলী। উদ্যোক্তোদের মাঝে অভিজ্ঞতা শেয়ার করেন কে ক্রাফট-এর কো পার্টনার খালিদ মাহমুদ খান। সমাপনী অনুষ্ঠানে সনদ বিতরণ করেন এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক ফারজানা খান।

## ‘বিউটিফিকেশন ও পার্লার ব্যবস্থাপনা’ প্রশিক্ষণ

২০-২৪ অক্টোবর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে বগুড়ায় ‘বিউটিফিকেশন ও পার্লার ব্যবস্থাপনা’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে Skin Care, Bridal make over, Hydra Facial, Parafin Pedicure & Manicure, Hair style, Hair Coloring, Brazilian Keratin Treatment, Nail extension স্কিলস শেখানো হয়।

২০-২৪ অক্টোবর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং Women Entrepreneur Association of Bangladesh (WEAB)-এর সহযোগিতায় নেত্রকোণায় ‘বিউটিফিকেশন ও পার্লার ব্যবস্থাপনা’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে Skin Care, Make up technique, Bridal make over, Facial, Threading, pedicure, manicure, hair style, Hair spa শেখানো হয়।

## ‘নিরাপদ খাদ্য তৈরিতে এসএমই উদ্যোক্তাদের উদ্বুদ্ধকরণ’ কর্মশালা

২৬ নভেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে এসএমই বিজনেস ইনকিউবেশন সেন্টারের ইনকিউবেটিদের জন্য ‘নিরাপদ খাদ্য তৈরিতে এসএমই উদ্যোক্তাদের উদ্বুদ্ধকরণ’ কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় নিরাপদ খাদ্য প্রাপ্তির অধিকার নিশ্চিতকরণে খাদ্য উৎপাদন, প্রক্রিয়াকরণ, মজুদ, সরবরাহ ও বিক্রয় সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের প্রধান দায়িত্ব ও কার্যাবলী সম্পর্কে উদ্যোক্তাদের অবহিত করা হয়।

## ‘পলিথিনের বিকল্প শপিং ব্যাগ উৎপাদন’ প্রশিক্ষণ



পলিথিন ব্যাগ ব্যবহারে সরকারের নিষেধাজ্ঞার প্রেক্ষিতে বাজারে পলিথিন বিকল্প ব্যাগের ব্যাপক চাহিদা তৈরি হয়েছে। উদ্যোক্তাদের আগ্রহ বিবেচনায় নিয়ে ঢাকায় প্রথমবারের মতো ২৩-২৮ নভেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ‘পলিথিনের বিকল্প শপিং ব্যাগ উৎপাদন’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে পলিথিন বিকল্প হিসেবে পাট, ফেব্রিক ব্যবহার করে শতভাগ পরিবেশবান্ধব বিভিন্ন প্রকার শপিং ব্যাগ তৈরি সম্পর্কে উদ্যোক্তাদের প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণে প্যাটার্ন মেকিং, ব্যাগ উৎপাদন, পণ্যের মান নিয়ন্ত্রণ, পণ্যের মূল্য নির্ধারণ, বাজারজাতকরণ এবং পরিবেশগত বিষয়ে সম্যক ধারণা প্রদান করা হয়। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী এবং সহকারী মহাব্যবস্থাপক মো. আব্বাস আলী সনদ বিতরণ করেন। ঢাকা, নারায়ণগঞ্জ, গাজীপুর, রংপুর, রাজশাহী, পাবনা, নওগাঁ, বগুড়া ও চট্টগ্রামের ৩০জন উদ্যোক্তা প্রশিক্ষণে অংগ্রহণ করেন।

## ‘বহুমুখী পাটজাত পণ্য তৈরি’ প্রশিক্ষণ



২২-২৬ অক্টোবর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ও ভিলেজ ফ্যামিলি ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (ভিএফডিও)-এর সহযোগিতায় চুয়াডাঙ্গায় ‘বহুমুখী পাটজাত পণ্য তৈরি’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসনে চৌধুরী। বিশেষ অতিথি ছিলেন উপজেলা নির্বাহী অফিসার মো. আল-আমীন এবং এসএমই ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক মো. আব্বাস আলী।

## দলিত ও নৃতাত্ত্বিক জনগোষ্ঠীর জন্য ‘বহুমুখী বাঁশ-বেত পণ্য তৈরি’ প্রশিক্ষণ

২০-২৪ নভেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ও দলিত ও নৃতাত্ত্বিক জনগোষ্ঠী উন্নয়ন ফোরামের সহযোগিতায় মাগুরায় ‘বহুমুখী বাঁশ-বেত পণ্য তৈরি’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে ১০৭টি নতুন ডিজাইনের পণ্য প্রস্তুত করা হয়। তাদের উৎপাদিত পণ্যের ডিজাইনের আধুনিকীকরণ, গুণগতমান বৃদ্ধি ও বাজারজাতকরণের জন্য এই প্রশিক্ষণ আয়োজন করা হয়।

## চাঁপাইনবাবগঞ্জে ‘নকশিকাঁথা শিল্পে ফ্যাশনের অভিযোজন’ প্রশিক্ষণ



১১-১৫ ডিসেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ও চাঁপাইনবাবগঞ্জ নকশিকাঁথা অ্যাসোসিয়েনের সহযোগিতায় চাঁপাইনবাবগঞ্জে ‘নকশিকাঁথা শিল্পে ফ্যাশনের অভিযোজন’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। ক্লাস্টারের উদ্যোক্তাদের পণ্যের বৈচিত্র্যকরণ, মানোন্নয়ন ও নকশিকাঁথা শিল্পকে ফ্যাশনে রূপান্তরের লক্ষ্যে এই প্রশিক্ষণ আয়োজন করা হয়। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন চাঁপাইনবাবগঞ্জ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি’র সহ-সভাপতি মো. খাইরুল ইসলাম।

## ‘ডিজাইন ডেভেলপমেন্ট অ্যান্ড প্যাটার্ন মেকিং’ প্রশিক্ষণ



২২-২৬ ডিসেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং রাজশাহী হ্যান্ডিক্রাফট ক্লাস্টারের সহযোগিতায় ‘ডিজাইন ডেভেলপমেন্ট অ্যান্ড প্যাটার্ন মেকিং’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। এই খাতের রপ্তানি বাজার বাড়াতে মানসম্মত বৈচিত্র্যময় পণ্য উৎপাদনের লক্ষ্যে প্রশিক্ষণটি আয়োজন করা হয়। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক মো. আব্দুস সালাম সরদার। বিশেষ অতিথি ছিলেন রাজশাহী চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির সভাপতি মাসুদুর রহমান রিংকু এবং সভাপতিত্ব করেন ক্লাস্টারের সভাপতি মোছা. নিলুফা ইয়াসমিন।

## ‘বিজনেস প্ল্যান প্রণয়ন’ প্রশিক্ষণ



১০-১৫ ডিসেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ইন্সটিটিউট অব এসএমই ফাউন্ডেশনে এসএমই বিজনেস ইনকিউবেশন সেন্টারের ইনকিউবেটিদের বিজনেস প্ল্যান প্রণয়নের লক্ষ্যে ‘বিজনেস প্ল্যান প্রণয়ন’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক মো. আব্দুস সালাম সরদার ও সহকারী মহাব্যবস্থাপক মো. আব্বাস আলী। প্রশিক্ষণে সেশন পরিচালনা করেন জোহা জামিলুর রহমান, হেড অব ট্রেনিং, মেট্রোপলিটন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি। সমাপনী অনুষ্ঠানে উদ্যোক্তারা স্বীয় বিজনেস প্ল্যানের উপর প্রেজেন্টেশন প্রদান করেন।

## ‘Marketing Management for SMEs’ প্রশিক্ষণ

১০-১২ নভেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ইনষ্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে এসএমই বিজনেস ইনকিউবেশন সেন্টারের ইনকিউবেটিদের পণ্য বাজারজাতকরণ বিষয়ে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ‘Marketing Management for SMEs’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। সমাপনী অনুষ্ঠানে ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক মো. আব্দুস সালাম সরদার এবং সহকারী মহাব্যবস্থাপক মো. আব্বাস আলী সনদ বিতরণ করেন।

## ‘ডিজিটাল মার্কেটিং ফর এসএমইজ’ প্রশিক্ষণ



৩০-৩১ অক্টোবর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ইন্সটিটিউট অব এসএমই ফাউন্ডেশনে ‘ডিজিটাল মার্কেটিং ফর এসএমইজ’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী, উপমহাব্যবস্থাপক মো. আব্দুস সালাম সরদার ও সহকারী মহাব্যবস্থাপক মো. আব্বাস আলী সনদ বিতরণ করেন।

১৩-১৪ নভেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং কক্সবাজার জেলা প্রশাসনের সহযোগিতায় কক্সবাজারে ‘ডিজিটাল মার্কেটিং ফর এসএমইজ’ প্রশিক্ষণ আয়োজন করা হয়।

২৪-২৫ নভেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ইন্সটিটিউট অব এসএমই ফাউন্ডেশনে ‘ডিজিটাল মার্কেটিং ফর এসএমইজ’ প্রশিক্ষণ আয়োজন অয়োজন করা হয়।

৩০ নভেম্বর-০১ ডিসেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং জেলা প্রশাসনের সহযোগিতায় রাজশাহীতে ‘ডিজিটাল মার্কেটিং ফর এসএমইজ’ প্রশিক্ষণ আয়োজন করা হয়।

২৮-২৯ ডিসেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং জেলা প্রশাসনের সহযোগিতায় গাইবান্ধায় ‘ডিজিটাল মার্কেটিং ফর এসএমইজ’ প্রশিক্ষণ আয়োজন করা হয়।

## ‘Export-Import for SMEs’ প্রশিক্ষণ



২৮-৩১ অক্টোবর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ইন্সটিটিউট অব এসএমই ফাউন্ডেশনে ‘Export-Import for SMEs’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে সেশন পরিচালনা করেন আমাদানি-রপ্তানি বিষয়ক গবেষক, বিশেষজ্ঞ ও প্রশিক্ষক মো. জাহিদ হোসাইন। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী, উপমহাব্যবস্থাপক মো. আব্দুস সালাম সরদার ও সহকারী মহাব্যবস্থাপক মো. আব্বাস আলী প্রশিক্ষণ শেষে উদ্যোক্তাদের মাঝে সনদ বিতরণ করেন।

## ‘নতুন ব্যবসা সৃষ্টি’ প্রশিক্ষণ



২৪-২৮ অক্টোবর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশনে ‘নতুন ব্যবসা সৃষ্টি’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে সনদ বিতরণ করেন ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক মো. আব্দুস সালাম সরদার এবং সহকারী মহাব্যবস্থাপক মো. আব্বাস আলী।

১৭-২১ নভেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ও চুয়াডাঙ্গা উদ্যোক্তা উন্নয়ন ফোরামের সহযোগিতায় চুয়াডাঙ্গায় ‘নতুন ব্যবসা সৃষ্টি’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মোহাম্মদ জহিরুল ইসলাম, জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।

## ‘বেসিক অ্যাকাউন্টিং অ্যান্ড বুক কিপিং’ প্রশিক্ষণ



১৯-২১ অক্টোবর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ও নীলফামারীর সৈয়দপুর ক্ষুদ্র গার্মেন্টস ক্লাস্টারে ‘বেসিক একাউন্টিং অ্যান্ড বুক কিপিং’ প্রশিক্ষণ আয়োজন করা হয়। হিসাব রক্ষণ সম্পর্কে উদ্যোক্তাদের প্রাথমিক ধারণা দেয়া হয় প্রশিক্ষণে। প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারী উদ্যোক্তাদের সনদ প্রদান করা হয়।

## ‘আমদানি-রপ্তানি বিষয়ক সম্যক ধারণা প্রদান’ কর্মশালা



১৭ নভেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ইন্সটিটিউট অব এসএমই ফাউন্ডেশনে এসএমই বিজনেস ইনকিউবেশন সেন্টারের ইনকিউবেটিদের জন্য এসএমই উদ্যোক্তাদের ‘আমদানি-রপ্তানি বিষয়ক সম্যক ধারণা প্রদান’ কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় সেশন পরিচালনা করেন মো. সিরাজুল ইসলাম, উপনিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, বাণিজ্য মন্ত্রণালয়। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক মো. আব্বাস আলী।

## ‘ক্ষুদ্র ও মাঝারি শিল্পে এনার্জি ম্যানেজমেন্ট’ কর্মশালা



১১ ডিসেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং ইনস্টিটিউট অব এনার্জি রিচার্স অ্যান্ড ডেভেলপমেন্ট (বিসিএসআইআর)-এর সহযোগিতায় ‘ক্ষুদ্র ও মাঝারি শিল্পে এনার্জি ম্যানেজমেন্ট’ কর্মশালা আয়োজন করা হয়। এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং ইনস্টিটিউট অব এনার্জি রিচার্স অ্যান্ড ডেভেলপমেন্ট (বিসিএসআইআর)-এর কারিগরি সহযোগিতায় বিভিন্ন সেক্টরের এসএমই উদ্যোক্তাদের অংশগ্রহণে বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর), ঢাকায় ‘ক্ষুদ্র ও মাঝারি শিল্পে এনার্জি ম্যানেজমেন্ট’ সচেতনতামূলক কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় প্রধান অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী। বিশেষ অতিথি ছিলেন ড. মোসা. হোসনে আরা বেগম, সদস্য (বিজ্ঞান ও প্রযুক্তি), বিসিএসআইআর এবং মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন, মহাব্যবস্থাপক, এসএমই ফাউন্ডেশন। কর্মশালায় সভাপতিত্ব করেন মঞ্জুর মোর্শেদ আহমেদ, পরিচালক, ইনস্টিটিউট অব এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট, বিসিএসআইআর। কর্মশালায় বিভিন্ন সেক্টরের শিল্প খাতবিত্তিক এসএমই উদ্যোক্তা/ প্রতিনিধি, অ্যাসোসিয়েশন নেতৃবৃন্দ, সেক্টর বিশেষজ্ঞ, গবেষক, সংশ্লিষ্ট সরকারি দপ্তর/সংস্থার কর্মকর্তা ও অন্যান্য অংশীজনসহ ৬৫জন উদ্যোক্তা ও কর্মী অংশগ্রহণ করেন। কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপক করেন মুহাম্মদ শাহরিয়ার বাসার, প্রিন্সিপাল সাইন্টিফিক অফিসার, বিসিএসআইআর। আলোচনায় উদ্যোক্তাদের দক্ষ এনার্জি ম্যানেজমেন্ট কৌশল সম্পর্কে সচেতনতা সৃষ্টি ও এ সম্পর্কিত প্রযুক্তি আত্তীকরণ উদ্বুদ্ধকরণের বিষয়ে বিভিন্ন বক্তব্য উঠে আসে। এসএমই ফাউন্ডেশন, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)-এর সহযোগিতায় ২টি এসএমই শিল্প প্রতিষ্ঠানে এনার্জি ম্যানেজমেন্ট নিয়ে আবিষ্কৃত যে কোন একটি টেকনোলজি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

## 7th China International Expo 2024-এ এসএমই ফাউন্ডেশনের অংশগ্রহণ



০৫-১০ নভেম্বর ২০২৪ রপ্তানি উন্নয়ন ব্যুরো(ইপিবি)-এর উদ্যোগে চীনের সাংহাই-এ ‘7th China International Expo 2024(CIIE)’ মেলায় এসএমই ফাউন্ডেশন অংশগ্রহণ করে। Country Exhibition ক্যাটাগরিতে বাংলাদেশ প্যাভিলিয়নে বাংলাদেশের সংস্কৃতি, অর্থনৈতিক উন্নয়ন অগ্রযাত্রা, শিল্পায়ন, বিনিয়োগ ও পযটন সম্ভবনা চীন তথা বিশ্ব বাজারে সম্ভাবনাময় রপ্তানি পণ্যসমূহ উপস্থাপন করা হয়। দেশী ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উদ্যোক্তাদের তৈরি বৈচিত্র্যময় পণ্য সামগ্রী রপ্তানির লক্ষ্যে প্রদর্শনীতে ফাউন্ডেশনের প্রতিনিধিত্ব করেন ব্যবস্থাপক মোসা. নাজমা খাতুন। এটি বিশ্বের অন্যতম আন্তর্জাতিক আমদানি মেলা। মেলার আয়তন ছিল প্রায় ৪.২ লাখ বর্গমিটার। ১৫২টি দেশ, অঞ্চল ও আন্তর্জাতিক সংস্থার পক্ষ থেকে থেকে ৩৪৯৬টি কোম্পানি এতে অংশগ্রহণ করে, যার মধ্যে বিশ্বের সেরা ৫০০টি প্রতিষ্ঠানের অর্ধেক রয়েছে। তাছাড়া ১৮৬টি শিল্প প্রতিষ্ঠান ও সংস্থা টানা ৭ বছর ধরে এ মেলায় অংশগ্রহণ করে আসছে। বাংলাদেশ প্যাভিলিয়নে প্রদর্শিত দেশীয় পণ্যসামগ্রী তাৎক্ষণিক অর্ডার ও আমদানিকারকদের দৃষ্টি আকর্ষণ করতে সক্ষম হয়েছে।

## এসএমই উদ্যোক্তাদের উন্নয়নে এসএমই ফাউন্ডেশন ও ভিসা সমঝোতা স্মারক স্বাক্ষর




এসএমই উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়ন, অর্থায়ন, বাজার সংযোগ ও বাজারজাতকরণ, ডিজিটাল পদ্ধতিতে সরকারি প্রণোদনা গ্রহণ, নীতি সহায়তা এবং উদ্যোক্তা উন্নয়নে রিসোর্সপার্সনদের দক্ষতা বৃদ্ধি-এই ৬ ক্ষেত্রে উদ্যোক্তাদের সহায়তার লক্ষ্যে একসাথে কাজ করবে এসএমই ফাউন্ডেশন এবং বৈশ্বিক পেমেন্ট প্রযুক্তি প্রতিষ্ঠান ‘ভিসা’। এসএমই ফাউন্ডেশনের পক্ষে ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী এবং ভিসা’র পক্ষে এশীয় প্রশান্ত অঞ্চলের সরকারি প্রতিষ্ঠান বিষয়ে ব্যবসা পরিকল্পনা ও বাস্তবায়ন প্রধান Jason Dongseuk Lee সমঝোতা স্মারক স্বাক্ষর করেন। ১০ ডিসেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের সম্মেলন কক্ষে ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক ফারজানা খানের সঞ্চালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ভিসা’র কান্ট্রি ম্যানেজার সাব্বির আহমেদ এবং ভাইস প্রেসিডেন্ট Shruti Gupta। সমঝোতা স্মারকের আওতায় আগামী ৩ বছরে অন্তত ৫ লাখ ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের সেবা দেয়া হবে। সমঝোতা স্মারক অনুসারে, নারী-উদ্যোক্তাদের অগ্রাধিকার দিয়ে দেশের জেলা ও উপজেলা পর্যায়ে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের ব্যবসায় ও আর্থিক ব্যবস্থাপনায় দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ আয়োজন, অনলাইন পেমেন্ট সিস্টেম ব্যবহারের ক্ষেত্রে উদ্যোক্তাদের ই-কমার্স ব্যবসা ও প্ল্যাটফর্মকে নিরাপদ করতে পরামর্শ সভা, কর্মশালা ও সেমিনার আয়োজন, ভিসা’র নিজস্ব বাণিজ্যিক ও এসএমই সেবা এবং সহযোগী ব্যাংকের সাথে উদ্যোক্তাদের পরিচিতির মাধ্যমে উদ্যোক্তাদের অর্থায়ন সুবিধা নিশ্চিতকরণ, স্বচ্ছ, ঝামেলামুক্ত ও ডিজিটাল পদ্ধতিতে উদ্যোক্তাদের জন্য সরকারের বিভিন্ন প্রণোদনা ছাড় করার ক্ষেত্রে পাইলট প্রকল্প পরিচালনায় সহায়তা, ‘ভিসা গভর্নমেন্ট ইনসাইট হাব’-এর মাধ্যমে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা উন্নয়নের সরকারি নীতি নির্ধারণে সহায়তা এবং সিএমএসএমই উদ্যোক্তাদের উন্নয়নে রিসোর্সপার্সনদের দক্ষতা বৃদ্ধিতে একসাথে কাজ করবে এসএমই ফাউন্ডেশন ও ভিসা।

## লাইট ইঞ্জিনিয়ারিং সেক্টরের স্টেকহোল্ডারদের সাথে মতবিনিময়

০৪-০৫ নভেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে হবিগঞ্জ জেলার লাইট ইঞ্জিনিয়ারিং সেক্টরের সার্বিক পরিস্থিতি পর্যবেক্ষণ এবং প্রযুক্তিগত উন্নয়ন সাধনের লক্ষ্যে উক্ত সেক্টরের নেতৃবৃন্দ ও স্টেকহোল্ডারদের সাথে মতবিনিময় সভা আয়োজন করা হয়। ০৪ নভেম্বর ২০২৪ হবিগঞ্জের শায়েস্তাগঞ্জে লাইট ইঞ্জিনিয়ারিং শিল্প পরিদর্শনের মাধ্যমে পণ্যের ধরণ, গুণগত মান, ব্যবহৃত প্রযুক্তি, প্রযুক্তিগত উন্নয়ন ক্ষেত্র সম্পর্কে প্রাথমিক ধারণা লাভ করে ফাউন্ডেশনের প্রতিনিধিদল। ০৫ নভেম্বর ২০২৪ এসএমই সেক্টরসমূহের ৩০জন নেতৃবৃন্দ, স্টেকহোল্ডার ও উদ্যোক্তাদের অংশগ্রহণে মতবিনিময় সভার আয়োজন করা হয়। উক্ত জেলার লাইট ইঞ্জিনিয়ারিং, বেকারি, অ্যাগ্রো এবং ফার্নিচার শিল্পের আধুনিকায়নের লক্ষ্যে সময় ও ব্যয় সাশ্রয়ী বিভিন্ন কলাকৌশল, ব্যবস্থাপনা পদ্ধতি ও প্রযুক্তি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করার লক্ষ্যে আয়োজিত মতবিনিময় সভায় অংশগ্রহণ করেন হবিগঞ্জ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ-এর সদস্য মো. দেওয়ান মিয়া, বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি, হবিগঞ্জ জেলা শাখার প্রেসিডেন্ট মো. ফারুক মিয়া, সেক্রেটারি মো. উজ্জ্বল মিয়া, হবিগঞ্জ ফার্নিচার শিল্পের উদ্যোক্তা মো. সেলিম মিয়াসহ নেতৃবৃন্দ ও উদ্যোক্তাগণ।

## ‘কাঁদামাটির মাধ্যমে সংস্কৃতির সেতুবন্ধন’ প্রদর্শনী




৭-১২ ডিসেম্বর ২০২৪ বাংলাদেশের নেদারল্যান্ড দূতাবাস, ঢাকা বিশ্ববিদ্যালয়ের মৃৎশিল্প বিভাগ ও আর্ট বাংলা ফাউন্ডেশনের উদ্যোগে ‘কাঁদামাটির মাধ্যমে সংস্কৃতির সেতুবন্ধন’ প্রদর্শনী অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের জয়নুল গ্যালারিতে আয়োজিত Exhibition on Delft ceramic-এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কিংডম অব নেদারল্যান্ডস-এর রাষ্ট্রদূত আন্দ্রে কারস্টেন্স। উপস্থিত ছিলেন চারুকলা অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আজহারুল ইসলাম শেখ। বিশেষ অতিথি ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী এবং আর্ট বাংলা ফাউন্ডেশনের চেয়ারম্যান অধ্যাপক মোহাম্মদ ইউনুস। সভাপতিত্ব করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিরামিক বিভাগের চেয়ারম্যান চিন্ময়ী সিকদার।

## 'পাট ও পাটজাত পণ্য এবং হস্তশিল্পজাত পণ্য রপ্তানিতে প্রতিকূলতা মোকাবেলায় করণীয়' পরামর্শ সভা



২৫ নভেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে 'পাট ও পাটজাত পণ্য এবং হস্তশিল্পজাত পণ্য রপ্তানিতে প্রতিকূলতা মোকাবেলায় করণীয়-সম্ভাব্য নীতি সহায়তা' পরামর্শ সভা আয়োজন করা হয়। ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী'র সভাপতিত্বে অনুষ্ঠিত পরামর্শ সভায় পাটজাত পণ্য ও হস্তশিল্পজাত পণ্য রপ্তানি খাতের রপ্তানি সম্পর্কিত বিভিন্ন সমস্যা ও সম্ভাবনার পাশাপাশি সম্ভাব্য নতুন বাজার ও নতুন পণ্য নিয়ে উপস্থাপনা করেন তৌহিদ বিন আব্দুস সালাম। রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি)'র পরিচালক (পণ্য) মো. শাহজালাল এবং বাংলাদেশ ব্যাংকের অতিরিক্ত পরিচালক (এসএমইএসপিডি) মোহাম্মদ মোস্তাফিজুর রহমান সম্ভাব্য নীতি সহায়তা নিয়ে উদ্যোক্তাদের অবহিত করেন। ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন সভায় স্বাগত বক্তব্য প্রদান করেন এবং উপমহাব্যবস্থাপক মৌসুমী রায় সভায় উপস্থিত ছিলেন।

## সিলেট এসএমই বিভাগীয় পণ্য মেলা ২০২৪



১৭-২৩ ডিসেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ও জেলা প্রশাসনের সহায়তায় সিলেট আলিয়া মাদ্রাসা মাঠে বিভাগীয় এসএমই পণ্য মেলা ২০২৪ আয়োজন করা হয়। উদ্বোধন করেন জেলা প্রশাসক মোহাম্মদ শের মাহবুব মুরাদ এবং এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তার। মেলায় সিলেট বিভাগসহ বিভিন্ন জেলার ৬০জন উদ্যোক্তা অংশগ্রহণ করেন।

## এসএমই খাতে ঋণ প্রবাহ বৃদ্ধির লক্ষ্যে ব্যাংকারদের সাথে মতবিনিময়



দেশে কটেজ, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প (সিএমএসএমই) খাতে অর্থায়ন বৃদ্ধিতে সামগ্রিক ফাইন্যান্সিয়াল ইকো-সিস্টেমের উন্নয়নে কাজ করছে এসএমই ফাউন্ডেশন। ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে এ খাতে ঋণ প্রবাহ বৃদ্ধিতে দেশে বিদ্যমান অর্থায়ন নীতিমালা অধিকতর উদ্যোক্তাবান্ধব ও সময়োপযোগী করার উদ্দেশ্যে প্রয়োজনীয় সুপারিশমালা প্রণয়নের উদ্দেশ্য ০৫ ডিসেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের সভাকক্ষে বিভিন্ন ব্যাংকের এসএমই বিজনেস ও রিস্ক ম্যানেজমেন্ট বিভাগের অভিজ্ঞ ব্যাংকারগণের অংশগ্রহণে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন এসএমই ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তার। ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক সুমন চন্দ্র সাহা সভায় উপস্থিত ছিলেন।

## বিজয় মেলা ২০২৪-এ এসএমই ফাউন্ডেশনের অংশগ্রহণ



ঢাকা জেলা প্রশাসনের উদ্যোগে মহান বিজয় দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে আয়োজিত বিজয় মেলা ২০২৪-এ এসএমই ফাউন্ডেশন অংশগ্রহণ করে। মেলার শুভ উদ্বোধন করেন ঢাকার জেলা প্রশাসক তানভীর আহম্মেদ। মেলায় জেলা প্রশাসনসহ সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানসমূহ ২২টি স্টলে অংশগ্রহণ করে।

## জাতীয় এসএমই টাস্কফোর্সের ৭ম সভা



০৪ নভেম্বর ২০২৪ শিল্প মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে জাতীয় এসএমই টাস্কফোর্সের ৭ম সভা আয়োজন করা হয়। শিল্প মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জাকিয়া সুলতানার সভাপতিত্বে টাস্কফোর্সের সদস্যবৃন্দ ছাড়াও সভায় উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী, মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তার, উপমহাব্যবস্থাপক মৌসুমী রায়।

## 'Policy Dialogue to Shape SME Policy for Boosting the Economic Growth of Chattogram' সংলাপ



১২ ডিসেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশন এবং আন্তর্জাতিক শ্রম সংস্থা (ILO)-এর উদ্যোগে 'Divisional Level Policy Dialogue to Shape SME Policy for Boosting the Economic Growth of Chattogram' নীতি সংলাপ আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী। চট্টগ্রাম উইমেন চেম্বার অব কমার্সের সভাপতি আবিদা সুলতানা, ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মো. নাজিম হাসান সাত্তার, ILO Bangladesh এর Enterprise expert নবীন কর্না, কারিগরি শিক্ষা অধিদপ্তরের উপপরিচালক মো. খোরশেদ আলমসহ চট্টগ্রাম ও পার্বত্য চট্টগ্রামে অবস্থিত বিভিন্ন মন্ত্রণালয় ও দপ্তরের প্রতিনিধি, এসএমই উদ্যোক্তা, চেম্বার ও অ্যাসোসিয়েশন প্রতিনিধি, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের প্রতিনিধি এবং সংশ্লিষ্ট অংশীজন সংলাপে অংশগ্রহণ করেন। চট্টগ্রামের ক্ষুদ্র ও মাঝারি শিল্প প্রতিষ্ঠানসমূহ যে চ্যালেঞ্জগুলোর মুখোমুখি হচ্ছে, তা চিহ্নিত করে এসএমই খাতের উন্নয়নে একটি অন্তর্ভুক্তিমূলক, সময়োপযোগী এবং কার্যকর নতুন এসএমই নীতিমালা প্রণয়নের ক্ষেত্রে সুপারিশ প্রদানের লক্ষ্যে অংশীজনদের সমন্বয়ে এই পলিসি ডায়ালগ অনুষ্ঠান আয়োজন করা হয়।

## Training of Trainers আয়োজন



নতুন ব্যবসা সৃষ্টি ও এসএমই উদ্যোক্তা উন্নয়নের লক্ষ্যে FES Bangladesh এর সহায়তায় এসএমই ফাউন্ডেশন 'Entrepreneurship Development through New Business Creation' প্রশিক্ষণ ম্যানুয়াল প্রস্তুত করেছে। উক্ত ম্যানুয়ালের ওপর ১৮-২০ অক্টোবর ২০২৪ গাজীপুরে একটি Training of Trainers আয়োজন করা হয়। উক্ত Training of Trainers প্রোগ্রামে ২৫জন প্রশিক্ষক অংশগ্রহণ করেন। ToT কার্যক্রম ফ্যাসিলিটেট করেন শানাইয়া আনসারি, শারমিন আফরোজ লাবণী এবং ফাউন্ডেশনের উপমহাব্যবস্থাপক আব্দুস সালাম সরদার।

## 'Supply Chain Management for SMEs' প্রশিক্ষণ

২০-২১ নভেম্বর ২০২৪ এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় ইন্সটিটিউট অব এসএমই ফাউন্ডেশনে এসএমই বিজনেস ইনকিউবেশন সেন্টারের ইনকিউবেটিদের সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট বিষয়ে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে 'Supply Chain Management for SMEs' প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে ফাউন্ডেশনের সহকারী মহাব্যবস্থাপক মো. মোস্তাফিজুর রহমান সনদ বিতরণ করেন।

সম্পাদনা পরিষদ: মো. নাজিম হাসান সাত্তার, মহাব্যবস্থাপক; ফারজানা খান, মহাব্যবস্থাপক; মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন, মহাব্যবস্থাপক; মুহাম্মদ মোরশেদ আলম, সহকারী মহাব্যবস্থাপক
অঙ্গসজ্জা: অসীম কুমার হালদার, উপব্যবস্থাপক, ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন, পর্যটন ভবন (লেভেল: ৬ ও ৭) প্লট: ই-৫/সি-১, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
ফোন: +৮৮০ ২ ৪১০২৪১০৮-১০ ফ্যাক্স: +৮৮০ ২ ৪১০২৪৭১১১, ই-মেইল: info@smef.gov.bd ওয়েব সাইট: www.smef.gov.bd

Scan to download PDF